# Index


| Contents | Page |
|---|---|
| **Primary Evaluation** | 1 |
| **Question Analyse of Previous Years' BCS Preli Exam** | 4 |
| **Literary Terms** | 5 |
| ***The Old English Period (450-1066)*** | |
| Caedmon | 19 |
| Saint Venerable Bede | 19 |
| Cynewulf | 19 |
| King Alfred the Great | 19 |
| ***The Middle English Period (1066-1500)*** | |
| Roger Bacon | 21 |
| Dante | 22 |
| Geoffrey Chaucer | 22 |
| Sir Thomas Malory | 23 |
| **The Renaissance Period (1500-1660)** | |
| ***Preparation for Renaissance (1500-1558)*** | |
| Sir Thomas More | 26 |
| Niccolo Machiavelli | 27 |
| ***Elizabethan Period (1558-1603)*** | |
| Edmund Spenser | 31 |
| Thomas Kyd | 31 |
| Francis Bacon | 32 |
| Christopher Marlowe | 33 |
| Miguel De Cervantes | 35 |
| Sir Philip Sidney | 35 |
| Robert Greene | 36 |
| George Chapman | 36 |
| Thomas Nashe | 36 |
| William Shakespeare | 41 |
| ***Jacobean Period (1603-1625)*** | |
| John Donne | 55 |
| Ben Jonson | 57 |
| John Webster | 58 |
| ***Caroline Period (1625-1649)*** | |
| Robert Herrick | 61 |
| George Herbert | 62 |
| ***Commonwealth Period (1649-1660)*** | |
| John Milton | 64 |
| Andrew Marvell | 66 |
| Thomas Hobbes | 67 |

| Contents | Page |
|---|---|
| **The Neoclassical Period (1660-1798)** | |
| ***The Restoration Period (1660-1700)*** | |
| John Dryden | 70 |
| Samuel Butler | 71 |
| John Bunyan | 71 |
| John Locke | 72 |
| ***Augustan Period (1700-1745)*** | |
| Daniel Defoe | 75 |
| Jonathan Swift | 76 |
| Alexander Pope | 77 |
| Samuel Richardson | 78 |
| William Congreve | 78 |
| Voltaire | 79 |
| ***The Age of Sensibility (1745-1798)*** | |
| Henry Fielding | 83 |
| Thomas Gray | 84 |
| William Blake | 85 |
| Oliver Goldsmith | 85 |
| Laurence Sterne | 86 |
| Dr. Samuel Johnson | 86 |
| Jean-Jacques Rousseau | 87 |
| Edmund Burke | 87 |
| Johann Wolfgang Von Goethe | 87 |
| ***The Romantic Period (1798-1832)*** | |
| William Wordsworth | 93 |
| Samuel Taylor Coleridge | 95 |
| Lord Byron | 97 |
| Percy Bysshe Shelley | 98 |
| Jane Austen | 100 |
| John Keats | 101 |
| Sir Walter Scott | 103 |
| Robert Southey | 103 |
| Charles Lamb | 104 |
| Thomas De Quincey | 104 |
| William Hazlitt | 104 |
| Mary Shelley | 105 |

# Index


| Contents | Page |
|---|---|
| **Victorian Period (1832-1901)** | |
| Lord Alfred Tennyson | 113 |
| Robert Browning | 115 |
| Charles Dickens | 116 |
| Charlotte Bronte | 118 |
| Thomas Hardy | 119 |
| Oscar Wilde | 119 |
| Matthew Arnold | 120 |
| George Eliot | 121 |
| William Makepeace Thackeray | 121 |
| Herbert George Wells | 122 |
| Emily Bronte | 122 |
| Herman Melville | 123 |
| Edgar Allan Poe | 124 |
| Elizabeth Barrett Browning | 124 |
| John Stuart Mill | 124 |
| Sir Richard Francis Burton | 124 |
| Sir Arthur Conan Doyle | 125 |
| Rudyard Kipling; Edward Fitzgerald | 125 |
| Alexandre Dumas; Victor Hugo | 125 |
| Fyodor Dostoevsky | 126 |
| Leo Tolstoy; Maxim Gorky | 126 |
| Nikolai Gogol; Karl Marx | 126 |
| **The Modern Period (1901-1939)** | |
| **Edwardian Period (1901-1910)** | |
| George Bernard Shaw | 134 |
| William Butler Yeats | 137 |
| O'Henry | 138 |
| Franz Kafka | 139 |
| Henry James | 139 |
| Joseph Conrad | 140 |
| Jules Verne | 140 |
| Henrik Ibsen | 140 |
| Sigmund Freud | 141 |
| David Emile Durkheim | 141 |
| Guy De Maupassant | 141 |
| John Galsworthy | 142 |
| John Millington Synge | 142 |
| Bertrand Russell | 143 |

| Contents | Page |
|---|---|
| **The Modern Period (1901-1939)** | |
| **Georgian Period (1910-1939)** | |
| James Joyce | 148 |
| David Herbert Lawrence | 149 |
| T.S. Eliot | 150 |
| Ernest Hemingway | 152 |
| George Orwell | 153 |
| Edward Morgan Forster | 155 |
| Sylvia Plath | 155 |
| Allen Ginsberg | 156 |
| Dylan Thomas | 156 |
| Ezra Pound | 156 |
| Virginia Woolf | 157 |
| William Faulkner | 157 |
| Graham Greene | 158 |
| R. K Narayan | 158 |
| William Somerset Maugham | 158 |
| Robert Frost | 159 |
| Eugene Gladstone O'Neill | 159 |
| W. H. Auden | 159 |
| Pablo Neruda | 159 |
| Pearl S. Buck | 160 |
| Boris Pasternak | 160 |
| **The Post Modern Period (1939 - Present)** | |
| Samuel Beckett | 164 |
| Gabriel Garcia Marquez | 165 |
| Doris Lessing | 166 |
| Harold Pinter | 166 |
| Toni Morrison | 167 |
| Chinua Achebe | 167 |
| Salman Rushdie | 167 |
| Arundhati Roy | 168 |
| Dan Brown | 168 |
| Aurther Miller | 169 |
| **Some Essential List** | 171 |
| **Model Test** | 177 |

Chapter 06

# The Romantic Period

1798-1832


অষ্টাদশ শতাব্দীর বিদায়লগ্ন উপস্থিত। সম্পদ ও সমৃদ্ধিতে ইউরোপের উত্থানপর্ব শুরু হয়েছে মাত্র। চারদিকে নতুনের জয়ধ্বনি। ঔপনিবেশিক শোষণ বাণিজ্যের সম্পদে ইউরোপ ফুলে ফেঁপে উঠতে শুরু করেছে। James Watt-এর বাষ্প ইঞ্জিন আবিষ্কার হয়ে গেছে। (১৭৬৩ থেকে ১৭৭৫ পর্যন্ত)। প্রথম শিল্প বিপ্লব কড়া নাড়ছে দোরগোড়ায়। আরও বিপ্লব হয়ে গেছে, হচ্ছে। ১৭৭৩ সালে আমেরিকা জানিয়ে দিল তারা আর ব্রিটিশ, ফ্রেঞ্চ কলোনি নয়-তারা নতুন রাষ্ট্র। সেই থেকে দীক্ষা নিয়েই কি-না, **১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গ পতনের মধ্য দিয়ে শুরু হলো ফরাসি বিপ্লব।** নিরঙ্কুশ রাজতন্ত্রের পতন ঘটিয়ে প্রেক্ষাপটে উঠে এলো প্রজাতন্ত্রের স্বপ্ন।

নিউটনীয় বলবিদ্যার আবির্ভাব মানুষের চিন্তাজগতে স্থায়ী পরিবর্তন আনে। মহাবিশ্বের নিয়মতান্ত্রিক আবর্তনের সূত্র আবিষ্কারের মধ্য দিয়ে সর্বস্তরে বিজ্ঞানের গ্রহণযোগ্যতা ও প্রয়োজনীয়তা বেড়ে যায়। *দার্শনিকেরা চেতনার নবজাগরণকে (Age of Enlightenment) আন্দোলনে পরিণত করেন।* Immanuel Kant (1724-1804) প্রকাশ করেন তাঁর কালজয়ী কীর্তি Critique of Pure Reason । David Hume (1711-1776) যুক্তিবিদ্যা ও মূল্যবোধকে একীভূত করেন তাঁদের দার্শনিক তত্ত্বে। বিজ্ঞানমনস্ক নবজাগরণ উৎসাহিত করে প্রাচীন সব অবান্তর মূল্যবোধ নতুন করে সাজাতে। কুসংস্কারকে সরাসরি আক্রমণ ও প্রথার প্রতি ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি ও মূল্যায়নের গুরুত্ব বাড়তে থাকে।

### Romantic Period Timeline

- 1789 — French Revolution
- 1798 — Lyrical Ballads by William Wordsworth & S.T. Coleridege
- 1818 — Frankenstein by Mary Shelley
- 1819 — Don Juan by Lord Byron
- 1820 — Promethus by P.B. Shelley
- 1821 — Death of John Keats
- 1822 — Death of P.B. Shelley
- 1824 — Death of Lord Byron

এদিকে চলছে নিওক্লাসিক্যাল নন্দন তত্ত্বের বার্ধক্য। প্রাচীন ক্লাসিকের অন্ধ অনুসরণ ও সেই উৎস থেকে পাওয়া এক রকম পবিত্রতার ভাবধারা এ পর্যায়ে এসে হাস্যকর বোধ হতে থাকে। জার্মানিতে এরই মাঝে ভাঙনের শুরু হয়। গ্যাটের উপন্যাস *The Sorrows of Young Werther (1774)* সদর্পে মানুষের অনুভূতি প্রকাশকে স্বাগত জানায়। বিটোফেন ভেঙে সাজান সিম্ফোনির ব্যাকরণ। পোশাকসর্বস্ব নিও ক্লাসিকের নিষ্প্রাণ জগতে রক্ত মাংসের জীবনে চাঞ্চল্য নিয়ে আসে রোমান্টিসিজম।



ইংল্যান্ডের সিংহাসনে শয্যাশায়ী পাগল রাজা জর্জ নম্বর তিন। তার মানসিক অসুস্থতার কারণেই কি-না, হাতছাড়া হয়েছে যুক্তরাষ্ট্র। ফ্রান্সের সাথে যুদ্ধ চলছেই। ৭ বছরের যুদ্ধ শেষে পরাজিত ফ্রান্সে ফরাসি বিপ্লব হলো। বিপ্লবী রিপাবলিকের সাথে রাজতন্ত্রীদের ফের যুদ্ধ বেঁধে গেল। (First Coalition War, 1792-1795)। এদিকে শিল্পায়ন ও ভোগবাদী মনোভাব বাড়ছে। নগরায়ণের জঘন্য গন্ধ পৌঁছে গেছে সর্বত্র। Enlightenment এর কঠোর , শীতল যুক্তির বিপরীতে সাহিত্য ও সমাজের প্রয়োজন হলো মনের কথা বলার একটা মাধ্যম। শহরের জঞ্জাল থেকে পালিয়ে, প্রকৃতির নিবিড়ে একটু আশ্রয় নিতে সবাই ব্যাকুল। এরই প্রেক্ষাপটে ইংল্যান্ডে রোমান্টিসিজম এর আবির্ভাব।

1798 সালে William Wordsworth এবং S.T. Coleridge রচিত *Lyrical Ballads* প্রকাশিত হওয়ার মাধ্যমে মূলত এই যুগের শুরু হয়।এই কাব্যগ্রন্থটিই Romantic যুগের কবিতার বিষয়বস্তু ও মানদণ্ড নির্ধারণ করে দেয়। Romantic যুগের লেখকরা প্রথমবারের মত সাধারণ মানুষ ও প্রকৃতিকে ধর্মতুল্য ভক্তি দিয়ে তাদের কবিতার মাধ্যমে মূল্যায়ন করেন। এর পূর্ববর্তী যুগের রাজ-রাজা, বীরযোদ্ধা, দেব-দেবতা ইত্যাদি কেন্দ্রিক সাহিত্য থেকে বের হয়ে একেবারেই চাষা-ভুষা, খেটে খাওয়া মানুষ, শিশু, ভবঘুরেসহ সমাজের নিম্ন ও মধ্যবিত্ত অংশের মানুষের কথা তাদের রচনায় নিয়ে আসেন। রোমান্টিক সাহিত্যে Neo-classical যুগের Reason বা যুক্তির প্রাধান্যের পরিবর্তে Emotion বা আবেগের প্রাধান্য প্রতিস্থাপিত হয়। এ যুগকে বলা হয় 'The Golden Age of Lyrics', এ যুগেই ইংরেজি কবিতা তার সর্বোচ্চ শিখরে পৌঁছায়। এযুগের স্লোগান ছিল, *'Art for Art's Sake'* বা 'শিল্পের জন্য শিল্প' অর্থাৎ শিল্প সৃষ্টির পিছনে কোন মহৎ উদ্দেশ্য নেই। Romanticism এর সংজ্ঞা দিতে গিয়ে বলা হয়েছে:

***"It is not only IMITATION but creation with the help of IMAGINATION".***

## *Literary Features of the Romantic Period*

| | |
|---|---|
| **Subjectivity** (আত্মমাত্রিকতা) | *I wandered lonely as a cloud…* *-Daffodils, Wordsworth* |
| **High Imagination** (কল্প-প্রবণতা) | *Where melodies round honey dropping flowers.* *Footless and wild like birds of paradise.* *-The Eolian Harp, Coleridge* |
| **Love for nature** (প্রকৃতিপ্রেম) | *For I have learned to look on nature,* *Not as in the hours of thoughtless youth.* *-Tintern Abbey, Wordsworth* |
| **Love for freedom** (স্বাধীনতার বাসনা) | *The earth was all before me. With a heart* *Joyous, nor scared at its own liberty.* *-The Prelude, Wordsworth* |
| **Spontaneity** (স্বতঃস্ফূর্ততা) | *In secret we met/ In silence I grieve/ That thy heart could forget/ Thy spirit deceive* *-When we two parted, Byron* |
| **Supernaturalism/ Gothic Influence** (অতিপ্রাকৃত ভাববস্তু) | *Tis the middle of night by the castle clock,* *And the owls have awakened the crowing cock.* *-Christabel, Coleridge.* |
| **Escape to the Middle Ages, to a simpler life** (মধ্যযুগে প্রত্যাবর্তন) | *Tall oaks, branch-charmed by the earnest stars,* *Dream and so dream all night without a stir.* *-Hyperion, Keats* |
| **Lyricism** (গীতিময়তা) | *Where are the songs of spring?* *Aye, Where are they?* *Think not of them. Thou hast thy music too.* *-Ode to Autumn, Keats* |
| **Individualism** (ব্যক্তিস্বাতন্ত্র্য) | *Oh lift me as a wave, a leaf, a cloud!* *I fall upon the thorns of life? I bleed!* *- Ode to the West Wind, Shelley* |
| **Revolutionary Zeal** (বিপ্লবী চেতনা) | *A drop of ink, may make a million think,* *-Lord Byron* |

## *Important Authors Based on Previous BCS Preliminary Questions*

| Author | Importance | Previous BCS Questions |
|---|---|---|
| William Wordsworth | ★★★★ | 45th, 43rd, 36th, 35th BCS |
| S.T. Coleridge | ★★★ | 43rd, 40th, 13th BCS |
| Lord Byron | ★★ | 44th, 38th, 37th, 36th BCS |
| P.B. Shelley | ★★★★★ | 45th, 44th, 43rd, 37th, 28th, 15th BCS |
| Jane Austen | ★ | 45th BCS |
| John Keats | ★★ | 45th, 40th BCS |
| Mary Shelley | ★ | – |

## Previous Years' BCS Preli Question

**01.** Which event influenced the literature of the Romantic Period? **[46th BCS]**
(a) French revolution (b) Industrial Revolution (c) Russian Revolution (d) Hundred Year's War

**02.** Who is not a Victorian poet? **[45th BCS]**
(a) Alfred Tennyson (b) Robert Browning (c) William Wordsworth (d) Matthew Arnold

**03.** The character, Elizabeth Bennet, appears in the novel– **[45th BCS]**
(a) Pride and Prejudice (b) Tess of the D'llrberville (c) Wuthering Heights (d) Jane Eyre

**04.** Don Juan was composed by– **[45th BCS]**
(a) W B Yeats (b) E. B. Browning (c) George Gordon Byron (d) Alexander Pope

**05.** Who wrote the poem "Ozymandias"? **[45th BCS]**
(a) Thomas Hardy (b) Robert Frost (c) P B Shelley (d) Edmund Spenser

**06.** 'He prayeth best, who loveth best.'- Who said it? **[44th BCS]**
(a) John Milton (b) John Donne (c) Lord Byron (d) S.T. Coleridge

**07.** "Oh, lift me as a wave, a leaf, a cloud! || I fall upon the thorns of life! I bleed!"
The extract is taken from P.B. Shelley's poem- **[44th BCS]**
(a) The Cloud (b) To a Skylark (c) Ode to the West Wind (d) Adonais

**08.** Who is not a modern poet? **[43rd BCS]**
(a) W. B. Yeats (b) W. H. Auden (c) John Keats (d) T. S. Eliot

**09.** "If Winter comes, can Spring be far behind?"- Who wrote this? **[43rd BCS]**
(a) William Blake (b) S. T. Coleridge (c) Lord Byron (d) P. B. Shelley

**10.** Who is the poet of the poem 'Ozymandias'? **[43rd BCS]**
(a) P. B. Shelley (b) William Wordsworth (c) S. T. Coleridge (d) John Keats

**11.** The most famous romantic poet of English Literature is– **[43rd BCS]**
(a) John Dryden (b) Alexander Pope (c) William Wordsworth (d) T. S. Eliot

**12.** 'Man's love is of man's life a thing apart, 'Tis woman's whole existence.'-This is taken from the poem of- **[40th BCS]**
(a) P.B Shelley (b) Lord Byron (c) John Keats (d) Edmund Spenser

**13.** 'Where are the Songs of Spring? Aye, where are they? Think not of them, thou hast thy music too.'
Who wrote this? **[40th BCS]**
(a) William Wordsworth (b) Robert Browning (c) John Keats (d) Samuel Coleridge

**14.** Where do the following lines occur in? 'Alone, alone, all, all alone, || Alone on a wide, wide sea.......' **[38th BCS]**
(a) The Rime of the Ancient Mariner (b) Kubla khan
(c) The Nightingale (d) The Dungeon

**15.** Who wrote "Biographia Literaria"? **[37th BCS]**
(a) Lord Byron (b) P.B. Shelley (c) S.T. Coleridge (d) Charles Lamb

**16.** P.B. Shelley's 'Adonais' is an elegy on the death of– **[37th BCS]**
(a) John Milton (b) S.T. Coleridge (c) John Keats (d) Lord Byron

**17.** The romantic age in English literature began with the publication of- **[36th BCS]**
(a) Preface to Shakespeare (b) Preface to Lyrical Ballads
(c) Preface to Ancient Mariners (d) Preface to Dr. Johnson

**18.** The poem 'The Solitary Reaper' is written by– **[36th BCS]**
(a) W.H. Auden (b) W. Wordsworth (c) W.B. Yeats (d) Ezra Pound

**19.** Which of the following writer belongs to the romantic period in English literature? **[36th BCS]**
(a) A. Tennyson (b) Alexander Pope (c) John Dryden (d) S.T. Coleridge

**20.** 'Child is the father of man' is taken from the poem of– **[36th BCS]**
(a) W. Wordsworth (b) S.T. Coleridge (c) P.B. Shelley (d) A.C. Swinburne

**21.** Who is known as 'the poet of nature' in English literature? – **[36th BCS]**
(a) Lord Tennyson (b) John Milton (c) William Wordsworth (d) John Keats

**22.** Who wrote the following lines: "all at once I saw a crowd, a host of golden daffodils"? **[35th BCS]**
(a) Wordsworth (b) Herrick (c) Shelley (d) Keats

**23.** 'If winter comes, can spring be far behind?' These lines were written by **[28th BCS]**
(a) Keats (b) Frost (c) Eliot (d) Shelley

**24.** Who wrote 'beauty is truth, truth beauty'? **[15th BCS]**
(a) Shakespeare (b) Wordsworth (c) Keats (d) Eliot

**25.** The literary work 'Kubla Khan' is– **[13th BCS]**
(a) a history by Vincent Smith (b) a verse by Coleridge
(c) a drama by Oscar Wilde (d) a short story by Somerset Maugham

**Answers**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | a | 02 | c | 03 | a | 04 | c | 05 | c | 06 | d | 07 | c | 08 | c | 09 | d | 10 | a |
| 11 | c | 12 | b | 13 | c | 14 | a | 15 | c | 16 | c | 17 | b | 18 | b | 19 | d | 20 | a |
| 21 | c | 22 | a | 23 | d | 24 | c | 25 | b | | | | | | | | | | |

# Prominent Authors and Their Works

## *William Wordsworth (1770-1850)*



১৭৯৩ সালে Wordsworth এর প্রথম সাহিত্য প্রকাশিত হয়, *An Evening Walk and Descriptive Sketches* নামক একটি কবিতার সংকলন। এর দুই বছর পর তাঁর সাথে আরেক কবি Samuel Taylor Coleridge এর পরিচয় হয় এবং তাঁরা দুইজন বন্ধুতে পরিণত হন। তিনি, Coleridge এবং বোন Dorothy তিনজন মিলে প্রতিদিন দুই ঘণ্টা ধরে ইংল্যান্ডের Lakeland এলাকায় হাঁটতেন। Wordsworth সেই এলাকার প্রাকৃতিক পরিবেশের প্রেমে পড়ে যান এবং তাঁর ছাপ পরবর্তীতে তাঁর লেখায় পাওয়া যায়। তিনি, Coleridge এবং আরেক ইংরেজ কবি Robert Southey – এই তিন জন ইংরেজি সাহিত্যে Lake Poets হিসেবে বিখ্যাত হন।

১৭৯৮ সালে Wordsworth ও Coleridge যৌথভাবে **Lyrical Ballads** নামক কবিতার সংকলন প্রকাশ করেন। এই গ্রন্থ প্রকাশের সময় তাঁদের কারো নাম উল্লেখ করা হয়নি। এই গ্রন্থেই Wordsworth রচিত **Tintern Abbey** বিখ্যাত কবিতা স্থান পেয়েছিল। ১৮০০ সালে এর দ্বিতীয় সংস্করণে কবি তাঁর কবিতাগুলোর একটি Preface বা ভূমিকা যুক্ত করেন, সাহিত্য সমালোচকদের মতে এই ভূমিকাটি রোমান্টিক সাহিত্যতত্ত্বের মূলভাবটুকু খুব স্বার্থকভাবে তুলে ধরা হয়েছিল। কবিতার প্রতি এর দৃষ্টিভঙ্গি তাঁর দেওয়া কবিতার এই সংজ্ঞা থেকেই বোঝা যায় – ***"Poetry is the spontaneous overflow of powerful feelings: it takes its origin from emotion recollected in tranquility"***

Wordsworth ছিল সর্বেশ্বরবাদে (Pantheism) বিশ্বাসী অর্থাৎ তিনি ঈশ্বর কে কোন একক সত্তা নয় বরং প্রকৃতির সব শক্তি ও সব নিয়ম কানুনকেই ঈশ্বর ভাবতেন। প্রকৃতি ও ঈশ্বর কে তিনি কোন আলাদা সত্তা নয়, একই সত্তা ভাবতেন। প্রকৃতি তাই ঘুরেফিরে এসেছে তাঁর রচনায়। এজন্য তাকে বলা হয় 'Worshiper of Nature', 'High Priest of Nature'. প্রিয় বন্ধু Coleridge এর প্রতি লেখা কবিতাগুলো **The Prelude** নামে পরবর্তীতে আত্মজৈবনিক রচনা হিসেবে তাঁর মৃত্যুর পর প্রকাশিত হয়। বাংলা সাহিত্যের বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রচনায় তাঁর ছাপ পাওয়া যায়। 1843 সালে তিনি ইংল্যান্ডের রাজকবি (Poet Laureate) পদে নিযুক্ত হয়েছিলেন।

তার উপাধিসমূহ- **Poet of Nature** (Given by Shelley), Poet of Childhood, Court/Lake Poet of England

| Poems | | | |
|---|---|---|---|
| **I Wandered Lonely as a Cloud** | **Tintern Abbey** | The Prelude | **The Solitary Reaper** |
| London,1802 | Michael | The Recluse | Lucy Poems |
| Ode: Intimations of Immortality | Written in March | **My Heart Leaps Up (The Rainbow)** | |
| Ode to Duty | Peter Bell | **To the Cuckoo** | |
| **Poetry** | | **Play (only)** | **Criticism** |
| **Lyrical Ballads** | The Excursion | The Borderers | **Preface to the Lyrical Ballads** |

### *Lyrical Ballads by Wordsworth and Coleridge*


সাহিত্যে রোমান্টিক যুগের আগমনি বার্তা নিয়ে 1798 সালে প্রকাশিত হয় Lyrical Ballads, যার প্রথম সংস্করণের প্রচ্ছদে কারও নাম লেখা ছিল না। এই বইয়ের Literary Collaborator ছিলেন Wordsworth এবং Coleridge; লোকগীতির মতো সরল ভাষায় রচিত মোট ২৩টি কবিতার মধ্যে Coleridge এর ৪টি আর বাকিগুলো Wordsworth এর। প্রকাশের পর সমালোচক বা পাঠক কারও মধ্যেই তেমন আলোড়ন তুলতে পারেনি কাব্যগ্রন্থটি। দ্রুতই দ্বিতীয় সংস্করণ বের করেন Wordsworth, যুক্ত করেন কবিতাগুলোর Preface বা ভূমিকা, তাতে জ্বালাময়ী ভাষায় জরাজীর্ণ কাব্য আর সমাজের সংকীর্ণতা নিয়ে লিখেন। মানুষকে চোখে আঙুল দিয়ে দেখালেন কাব্যগ্রন্থটির যুগান্তকারী বৈশিষ্ট্য। এই কবিতার বই ও তার উপক্রমণিকা উভয়ই ইংরেজি সাহিত্যে ঐতিহাসিক গুরুত্ব বহন করে। এর মাধ্যমেই রোমান্টিক যুগের যাত্রা শুরু হয়, প্রথম সাহিত্যযুগ যা রাজা-রানির অভিষেক দিয়ে নির্ধারিত না। এই গ্রন্থের বেশিরভাগ কবিতাই পরবর্তীতে সমাদৃত হয়েছে। সবচেয়ে বিখ্যাত দুটো হলো: Coleridge এর *The Rime of the Ancient Mariner* এবং Wordsworth এর *Lines Composed a Few Miles Above Tintern Abbey*. তবে যে সাহিত্যবৈশিষ্ট্য রোমান্টিকতা নিয়ে এসেছিল, অর্থাৎ সহজ লোকের ভাষায় সহজ মনের কথা, সেসবের ছাপ বেশি পাওয়া যায় *We are Seven, The Idiot Boy, The Nightingale: A Conversation Poem* এসব কবিতাগুলোর মধ্যে। কবিতাগুলোতে সহজ মানবিক বোধের একটা উদাহরণ দেওয়া যায় *We are Seven* কবিতায় যাতে কবি শিশুর সরল মনের দৃষ্টিকোণ থেকে মৃত্যুর মতো মর্মান্তিক একটি বিষয়ের চিত্র তুলে এনেছেন।

**উত্তরণ Brief**

**Type:**
Lyrical Poetry

**Poem:**
Tintern Abbey, The Rime of the Ancient Mariner, We are Seven, Lines Composed a Few Miles Above Tintern Abbey

**Theme:**
Return to the nature of being, physically and psychologically.



### *I Wandered Lonely as a Cloud*

কবিতাটি ইংরেজি সাহিত্যে খুবই বিখ্যাত একটি কবিতা, যা **Daffodils** নামেও পরিচিত। 1804 সালে ব্রিটিশ রোমান্টিক কবি William Wordsworth কবিতাটি লিখেছেন। ইংল্যান্ডের লেক ডিস্ট্রিক্টে একদিন হাঁটার সময় দেখা একগুচ্ছ Daffodil ফুলকে কেন্দ্র করে কবিতাটি লেখা। তিনি এবং তাঁর বোন যখন হাঁটছিলেন তখন এই ফুলগুলো তাদের চোখে পড়ে, যেটি কবির মনে একটি দীর্ঘস্থায়ী প্রভাব ফেলে। ফুলগুলো দেখার পর কবির মনে সৌন্দর্যবোধের জাগরণ হয় এবং এই অনুভূতি তাঁর মনে বারবার প্রতিফলিত হতে থাকে। কবির মনে প্রস্ফুটিত সেই সৌন্দর্যবোধকে প্রকাশ করার জন্য কবিতাটিতে লিখেছেন-


***I wandered lonely as a cloud***
***That floats on high o'er vales and hills,***
***When all at once I saw a crowd,***
***A host of golden daffodils;***

**উত্তরণ Brief**

**Type:**
Poem

**From:**
Poems in Two Volumes

**Theme:**
The power of nature to bring joy and happiness. Importance of memory. The interconnectedness of all things, and the beauty of simplicity.




এই কবিতাটি জুড়ে আছে প্রকৃতিবন্দনা, প্রকৃতি ও মানুষের মিলন। সমকালীন ফ্রেঞ্চ দার্শনিক Jean Jacques Rousseau এর প্রকৃতিবাদী দর্শনের সাথে Wordsworth তার সমগ্র কবিজীবন জুড়েই একাত্মতা প্রকাশ করে গেছেন। রুশোর দর্শনের মূল বক্তব্য ছিল "প্রকৃতিতেই মানুষের মুক্তি"। এই সমাজ সভ্যতার আবরণে মানুষ প্রকৃতিবিচ্ছিন্ন হয়ে নানাবিধ মানসিক জটিলতায় ভুগছে। শিল্পায়িত সমাজের ভোগবাদী, স্বার্থবাদী মনোভাবের কারণে মানুষে মানুষে হিংসা দ্বেষ বেড়েই চলেছে । এই দুষ্টচক্র থেকে মুক্তির উপায় একটাই, আর তা হলো প্রকৃতির সাথে মিশে যাওয়া। কবি ঠিক যেমন করে হাওয়ায় দোলা ড্যাফোডিলদের সাথে নিজের নিঃসঙ্গতা মিশিয়ে শান্তি পাচ্ছেন, ঠিক তেমনই।

### *Tintern Abbey*

1793 সালে 23 বছর বয়সে উই নদীর পাড়ে William Wordsworth ভ্রমণ করেছিলেন। ৫ বছর পর তিনি সে স্থানে ফিরে গিয়ে সে স্থানের সৌন্দর্য বর্ণনা করে এই কবিতাটি লিখেছেন। বস্তুত প্রকৃতি নিয়ে কবির চিন্তাধারা এবং প্রাকৃতিক সৌন্দর্য কীভাবে তার ভারাক্রান্ত হৃদয়ে মুক্তির উল্লাস বয়ে দিয়েছে তা এই কবিতায় তুলে ধরেছেন। নদীর পানির কলকল শব্দ, গ্রামীণ সৌন্দর্য, শীতল হাওয়া প্রভৃতি কবির কাছে বিশ্ব-ব্রহ্মাণ্ডের রহস্যরূপে দেখা দিয়েছে। যখন তিনি ছোট ছিলেন, তাঁর প্রকৃতি প্রেম প্রবল ছিল, ফলে হৃদয় ছিল আনন্দপূর্ণ। কিন্তু বয়স বাড়ার সাথে মানুষের নানাবিধ কষ্ট তাঁকেও সমভাবে ব্যথিত করেছে। এখানে কবির অনুভূতি প্রধান না হয়ে আধ্যাত্মিকতা প্রাধান্য পেয়েছে। তিনি প্রাকৃতিক উপাদানের মধ্যে ঐশ্বরিকতা খুঁজে পান। কবি এখানে প্রকৃতিকে মাতৃসুলভ অভিভাবক, সেবিকা ও নৈতিক শিক্ষক রূপে উপস্থাপন করেছেন। তিনি প্রকৃতিকে ভালোবাসার উপদেশ প্রদান করেছেন।

**উত্তরণ Brief**

**Type:**
Poem

**Source:**
Lyrical Ballads

**Theme:**
The relationship between nature and the human soul. The importance of childhood experiences and memories.




### *The Solitary Reaper*


1803 সালে ব্রিটিশ কবি William Wordsworth তার বোন Dorothy Wordsworth এর সাথে Scotland ভ্রমণের সময় কবিতাটি লিখেছেন। কবিতায় শুনতে পাই এক অজানা স্কটিশ তরুণীর অবোধ্য গান। সে তরুণী মাঠের শস্য কেটে তুলছে আর এই করুণ সুরে গান গাইছে। তার গান আকাশে বাতাসে প্রতিধ্বনিত হয়ে আমাদের হৃদয়ে এসে আঘাত করে। আমরা কামনা করি, কেউ যেন এই আনমনে গেয়ে চলা গানটিকে থামিয়ে না দেয়,

***"Behold her, single in the field, Yon solitary Highland Lass!***
***Reaping and singing by herself; Stop here, or gently pass!"***

**উত্তরণ Brief**

**Type:**
Poem

**Theme:**
The interconnection of all things and the beauty of a simple life.




আমরা গানের সুর থেকে বুঝতে চাই এ গানের কথা ও অনুভূতি। অজস্র প্রশ্ন করি নিজেকে, এ কি কোনও প্রণয়বিষাদের গল্প বলে, নাকি স্রষ্টার স্তুতি। অবশেষে আমরা সে সুরটি মাথায় নিয়ে ফিরে যাই, সে নিঃসঙ্গ শস্যগীতময়ী রমণীর নির্জন নিবেদনে বাধা দেই না।

***"The music in my heart I bore, Long after it was heard no more;"***

নিঃসঙ্গ শস্য আহরণকারীর বিষণ্ণ সুখের সুরটি সাহিত্যে অজস্রবার ব্যবহৃত হয়েছে। প্রতিটি মানুষই দৈনন্দিন জীবনের নৈমিত্তিকতার মাঝে এরকম অচেনা সুর শুনতে পায়। সে সুর কখনো শৈশবের বিস্মৃত স্মৃতির নির্যাস বয়ে আনে, কখনো আবার কল্পনায় নির্মাণ করে নেয় অযাপিত জীবনের কোনও খণ্ড মুহূর্ত। আমাদের ব্যস্ততা যেন নিজেকে ভুলে থাকা, আর এই দুর্বোধ্য দূরাগত সুরটিই যেন পরম সত্য জীবনের।

### My Heart Leaps Up

এই কবিতার অপর নাম The Rainbow। ক্ষুদ্র এই কবিতাটিকে Wordsworth এর জীবন ও কর্মের ম্যানিফেস্টো বলা যেতে পারে। কবিতাটির পুরোটাই তুলে দেয়া হলো পাশে।

এই কবিতাটিও কবি তার বোন ডরোথির সাথে লিখেছিলেন, ১৮০২ সালে। পাঁচ বছর পর, ১৮০৭ সালে Poems, in Two Volumes সংকলনে কবিতাটি অন্তর্ভুক্ত হয়।

কবির হৃদয় রংধনু দেখে আপ্লুত। ঠিক সেই রংধনু, যা ছিল কবির ছেলেবেলায়। একই রংধনু রয়ে যাবে বার্ধক্যে, মৃত্যুর ওপারেও এই রংধনুর বর্ণচ্ছটা অবিকল থেকে যাবে। অজস্র পুত্রের মধ্যে অজস্র পিতার জন্ম হতে থাকবে, তখনো প্রকৃতির অমোঘ অবিচলতায় এই রংধনু, এই প্রকৃতি রয়ে যাবে, মানুষের জাগরূক প্রার্থনায়, মানুষের চেতনার সাথে সন্নিহিত ও অন্তরাল হয়ে।

(Note: The Rainbow উপন্যাসটি লিখেছেন D.H Lawrence)

*My heart leaps up when I behold*
*A rainbow in the sky:*
*So was it when my life began;*
*So is it now I am a man;*
*So be it when I shall grow old,*
*Or let me die!*
*The Child is father of the Man;*
*And I could wish my days to be*
*Bound each to each by natural piety.*

| | |
|---|---|
| ***Lucy Poems (Poem)*** | ১৭৯৮ থেকে ১৮০১ সালের মধ্যে রচিত ৫টি ধারাবাহিক কবিতা Lucy Poems নামে পরিচিত। Wordsworth এর সমগ্র কাব্যসম্ভারে প্রেমের কবিতার যে অভাব লক্ষ্য করা যায় তা কিছুটা পূর্ণ করেছে এই কবিতাগুলো। কিছু সমালোচক মনে করেন এ চরিত্রে কবির বোন ডরোথির ছায়া প্রতিফলিত হয়েছে। |
| ***The Prelude and The Recluse (Poem)*** | কবির আত্মজীবনীমূলক কাব্যগ্রন্থ। প্রকাশিত হয়েছে মৃত্যুরও পরে। দীর্ঘ এই কাব্যগ্রন্থ জুড়ে কবির জীবনের বিভিন্ন ঘটনা, প্রকৃতির সাথে সংযোগ, ও ভালোবাসার কথা এসেছে। থিমের মধ্যে আছে স্মৃতি ও কল্পনার আবেশ; আত্মচেতনা, প্রভৃতি। তাঁর শ্রেষ্ঠ শিল্প হিসেবে স্বীকৃত। |
| ***London, 1802 (Sonnet)*** | একটি সনেট যা কবি জন মিল্টনের মৃত্যু উপলক্ষ্যে লেখা। কবিতায় শহুরে জীবন নিয়ে একটা বিতৃষ্ণা আছে। প্রকৃতি থেকে বিচ্ছিন্ন এই উদ্ভট অস্তিত্বে প্রয়াত কবি John Milton এর খুব প্রয়োজন ছিল, কবির এটাই মনে হয়। এ কবিতায় তিনি শহুরে আধুনিক জীবনকে Swampland আখ্যা দিয়েছেন। |

## *Samuel Taylor Coleridge (1772-1834)*



কবি, সাহিত্য সমালোচক এবং দার্শনিক Samuel Taylor Coleridge তাঁর বন্ধু William Wordsworth এর সাথে যৌথভাবে *Lyrical Ballads* প্রকাশের মাধ্যমে ইংরেজি সাহিত্যে রোমান্টিক আন্দোলনের প্রতিষ্ঠা করেন। শিক্ষক ও ধর্মযাজক পিতার সন্তান Coleridge ছোটবেলায় বাইরে খেলাধুলার থেকে বই পড়তেই বেশি ভালোবাসতেন এবং বিদ্যালয়ে থাকা অবস্থাতেই মহাকবি ভার্জিলের মতো সাহিত্যিকদের লেখা অধ্যয়ন করতেন। শৈশব থেকেই বাতজ্বর ও অন্যান্য অসুখে ভুগতেন বলে তাঁকে **আফিমের (Opium) তৈরি Laudanum দ্বারা চিকিৎসা করা হয়, যা তাঁকে আজীবনের জন্য নেশাগ্রস্ত করে ফেলে। এজন্য তাকে 'Opium Eater' বলা হয়।** এছাড়াও তিনি যৌবনে বিষণ্ণতা ও বাইপোলার ডিজ-অর্ডারেও ভুগেছেন। এগুলো তাঁর সাহিত্যকর্ম ও ব্যক্তিজীবনেও প্রভাব ফেলে।

Coleridge এর সবচেয়ে বেশি পরিচিত কাব্যসমূহের মধ্যে *The Rime of the Ancient Mariner* এবং *Kubla Khan* উল্লেখযোগ্য। কথিত আছে, Kubla Khan এর কাহিনি তিনি স্বপ্নাবিষ্ট অবস্থায় পেয়েছিলেন। তাঁর সমালোচনামূলক আত্মজীবনী *Biographia Literaria* গদ্যরচনা হিসেবে সবচেয়ে সমাদৃত। সাহিত্য সমালোচক হিসেবে Shakespeare এর উপর তাঁর কাজ ছিল খুবই প্রভাবশালী, তাছাড়া তিনি ইংরেজি ভাষা ও সংস্কৃতিতে জার্মান ভাববাদী দর্শনের সূচনা করতে সাহায্য করেছিলেন। তিনি সাহিত্যে ব্যবহৃত অনেক প্রচলিত শব্দ ও শব্দগুচ্ছ (Words and Phrases) উদ্ভাবন করেছিলেন যার মধ্যে সবচেয়ে বিখ্যাত হচ্ছে "Suspension of Disbelief"; এর অর্থ হলো সাধারণ যুক্তি বা চিন্তাশক্তিকে আমলে না নিয়ে কোনো অতিপ্রাকৃত বা অবাস্তব বিষয় বা ঘটনাকে বাস্তব হিসেবে বিবেচনা করা। কবিতায় অতিপ্রাকৃত উপাদানের ব্যবহার করায় **তিনি 'The Poet of Supernaturalism' হিসেবেও পরিচিত।**

<table>
<tr><th colspan="5">Poems</th><th>Plays</th><th>Poetry</th><th>Essays/Criticism</th></tr>
<tr><td colspan="2">The Rime of the Ancient Mariner</td><td>Religious Musings</td><td>The Nightingale</td><td rowspan="2">Frost at Midnight</td><td rowspan="2">Zapolya</td><td rowspan="2">Lyrical Ballads</td><td>Biographia Literaria</td></tr>
<tr><td>Kubla Khan</td><td>The Eolian Harp</td><td>Dejection An Ode</td><td>Christabel</td><td>On the Constitution of the Church and the State</td></tr>
</table>

## *The Rime of The Ancient Mariner*

রোমান্টিক যুগের অন্যতম প্রতিষ্ঠাতা কবি S.T Coleridge এর সবচেয়ে দীর্ঘ এবং বিখ্যাত কবিতা *The Rime of the Ancient Mariner* যা ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের সূচনা করে।

এক বৃদ্ধ, ধূসর শ্মশ্রুমণ্ডিত নাবিক বিয়ের অনুষ্ঠানে গমনকারী এক ব্যক্তিকে থামিয়ে তার সমুদ্রাভিযানের কাহিনি বলতে শুরু করে। শুরুতে অধৈর্য ও বিরক্ত হলেও কাহিনি যত আগাতে থাকে শ্রোতার ভয় ও আগ্রহ তত বাড়তে থাকে।


**উত্তরণ Brief**

**Type:**
Long Poem

**Source:**
Lyrical Ballads

**Characters:**
Albatross, Sailor, Mariner

**Theme:**
Nature, Sin and absolution, Power of storytelling, Isolation and Loneliness.




নাবিকটির জাহাজ একবার যাত্রা শুরু করার পর হঠাৎ প্রচণ্ড ঝড়ে দক্ষিণে এক অজানা কুয়াশা ঢাকা বরফের দেশে চলে যায়। সেখানে জাহাজের নাবিকরা বন্দি হয়ে পড়ে । তখন তারা একটি বিশাল সামুদ্রিক আলবাট্রস পাখি দেখতে পায়, যেটি তাদের অনুসরণ করে আসছিল । পাখিটি আসার সাথে সাথে আবহাওয়ার পরিবর্তন হয়, অনুকূল বাতাস বইতে থাকে এবং পাখিটির সাহায্যে তারা বরফ ঢাকা অঞ্চল থেকে বের হয়ে আসতে পারে। নাবিকেরা পাখিটিকে সৌভাগ্যের প্রতীক হিসেবে চিহ্নিত করে এবং পাখিটিকে খাবার দেয়। বর্ণনাকারী নাবিকটি একদিন মনের খেয়ালে পাখিটাকে হত্যা করে এবং এরই সাথে তাদের দুর্ভোগ শুরু হয়। যার নমুনা দিয়েছেন খাবার পানির অভাব দিয়ে; '*Water, water, every where, Nor any drop to drink*'. জাহাজের বাকি নাবিকেরা তাকে দায়ী করে তার গলায় মৃত পাখিটি ঝুলিয়ে দেয়। নাবিক নিজের দোষে বিস্তীর্ণ সমুদ্রের মাঝে একা হয়ে পড়ে, যে একাকিত্ব তার অবস্থানের, সেই একই একাকিত্ব মানুষের অন্তর্গত, ব্যক্তিগত অনুভূতির। ***"alone, alone, all, all alone, alone on a wide, wide sea!"*** বাকি কবিতায় নাবিকদের এর পরবর্তী ভোগান্তি এবং বর্ণনাকারী নাবিকের একাকী বেঁচে ফেরার ঘটনা বর্ণিত হয়েছে। কবিতাটিতে কবি মৃত্যু, আর্তনাদ এবং পুনরুত্থান চিত্রায়িত করেছেন। কবিতার নাবিক বাকি জীবন ডাঙায় ঘুরে ঘুরে তার এই কাহিনি মানুষদের বলে বেড়ায় আর এই বার্তাটি দেওয়ারই চেষ্টা করে-

***He prayeth best, who loveth best***
***All things both great and small;***
***For the dear God who loveth us,***
***He made and loveth all.***

## *Biographia Literaria*

রচনাটি একই সাথে আত্মজীবনী, দর্শনশাস্ত্র ও সাহিত্য সমালোচনা। ১৮১৭ সালে প্রকাশিত এই রচনায় কবি তার ব্যক্তিগত দর্শনের একটা সারমর্ম তুলে এনেছেন।

গ্রন্থটি দুই খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডে আছে কবির অসংলগ্ন আত্মজীবনী। কবিতা ও সাহিত্যের সাথে ব্যক্তিগত পরিচয় ও অনুভূতির গল্প, ওয়ার্ডসওয়ার্থের সাথে সম্পর্ক, Lyrical Ballads এর প্রকাশ, ইত্যাদি।


দ্বিতীয় খণ্ডে কবি কিছু সাহিত্য ও দার্শনিক কর্মের সমালোচনা করেছেন। সমকালীন ওয়ার্ডসওয়ার্থের কবিতা ও জার্মান দার্শনিক ইমানুয়েল কান্ট এর দর্শন নিয়ে সমালোচনা এই খণ্ডের মূল আকর্ষণ।

**উত্তরণ Brief**

**Type:**
Autobiography, Philosophy, Criticism

**Characters:**
Wordsworth, Immanuel Kant, S T Coleridge

**Theme:**
Poetry is the greatest art form using secondary imagination.




Biographia Literaria ইংরেজি সাহিত্যে অন্যতম প্রধান সমালোচনা গ্রন্থ। এতে কবি কিছু মৌলিক ধারণার অবতারণা করেছেন। এর মধ্যে প্রথমে উল্লেখ আসবে তার Willing Suspension of Disbelief এর ওপর দীর্ঘ আলোচনার কথা। সাহিত্যের রস আস্বাদনে চাই সাহিত্যের কল্পিত জগতের ওপর পূর্ণ আস্থা। লেখকের কাজ হলো সেই কল্পজগতের যথাসাধ্য বিশ্বাসযোগ্য নির্মাণ আর পাঠকের কাজ হলো এই নির্মাণে লেখকের রয়ে যাওয়া অপূর্ণতা ইচ্ছেকৃত ভাবে ভুলে থাকা।

এই গ্রন্থে কবি কল্পনার দুইটি ভিন্নতা তুলে এনেছেন, Primary Imagination ও Secondary imagination. জীবনকে অনুভব করতে পারাই Primary imagination. আর এই অনুভূতিকে বিভিন্ন মাত্রায় গড়েপিটে নতুন করে কিছু সৃষ্টি করা হলো Secondary Imagination এর কাজ।

### *Kubla Khan*

Samuel Taylor Coleridge লিখিত সবচেয়ে বিখ্যাত ৩ টি কবিতার একটি হলো *Kubla Khan* (অন্য দুইটি হলো *Rime of the Ancient Mariner* এবং *Christabel*) মোঙ্গল শাসক ও চীনের সম্রাট Kubla Khan চরিত্রের কাল্পনিক একটি রূপ পাওয়া যায় এ অসম্পূর্ণ কবিতায়। কথিত আছে, এক রাতে আফিম খেয়ে ঘুমানোর পর একটি স্বপ্ন দেখে তিনি কবিতাটি রচনার অনুপ্রেরণা পান। Coleridge বিশ্বাস করতেন যে, শক্তিশালী এবং সক্রিয় কল্পনাশক্তি অপ্রীতিকর প্রতিকূল পরিস্থিতি অতিক্রমের সহায়ক হতে পারে। তাঁর অনেক কবিতায়ই এই কল্পনাশক্তি ব্যবহারের উপস্থিতি লক্ষণীয় যেখানে কবিতার কথক তার পারিপার্শ্বিকতাকে সাময়িকভাবে ভুলে যায় এবং সম্পূর্ণ বাস্তবতাকে কল্পনার চাদরে মুড়ে ফেলেন। *Kubla Khan* কবিতাটিতেও এভাবে একটি প্রাসাদ তৈরির কথা বলা হয়েছে, রহস্যময় নদীর কথা বলা হয়েছে, যেটা পাতালে প্রবাহিত হয়ে অন্ধকার সাগরে পতিত হয়েছে, এরই মধ্যে যুদ্ধের ভবিষ্যদ্বাণী, একই ঘরে একই সাথে তাপ-শৈত্য অনুভূত হওয়া, এসবই কবির তীব্র কল্পনাশক্তির প্রকাশ। কবি দেখছেন কুবলা খানের প্রাসাদে বাদ্যযন্ত্র হাতে গান গাইছেন আফ্রিকা অঞ্চলের আবিসিনিয়ান এক রমণী (Abyssinian Maid)।

**উত্তরণ Brief**

**Type:** Poem

**Characters:** Kubla Khan, Abyssinian Maid

**Theme:** Imagination, nature, and the power of artistic creation.




***Gardens bright with sinuous rills,***
***Where blossomed many an incense-bearing tree;***
***And here were forests ancient as the hills,***
***Enfolding sunny spots of greenery.***

কবিতাটিকে ইংরেজি কবিতায় রোমান্টিকতার সবচেয়ে বিখ্যাত উদাহরণ হিসেবে বিবেচনা করা হয় এবং এটি ইংরেজি ভাষার সবচেয়ে বহুল সংকলিত কবিতাগুলোর মধ্যে একটি।

## Lord Byron (1788-1824)



তাঁর পূর্ণ নাম George Gordon Byron. তিনি ইংরেজি সাহিত্যের Romantic আন্দোলনের নেতৃস্থানীয় ব্যক্তি ও ইংরেজি ভাষার শ্রেষ্ঠ কবিদের একজন। *তিনি **Rebel Poet** বা বিদ্রোহী কবি হিসেবে খ্যাত ছিলেন।* এখনও তিনি বহুল পঠিত ও সাহিত্যাঙ্গনে প্রভাবশালী। তাঁর সর্বাধিক পরিচিত রচনাগুলোর মধ্যে রয়েছে দীর্ঘ বর্ণনামূলক কবিতা *Don Juan* এবং *Childe Harold's Pilgrimage.*

ছোটবেলাতেই পিতা-মাতার বিচ্ছেদ ও মদ্যপানাসক্ত মায়ের কাছে পালিত হওয়ায় Byron উচ্ছৃঙ্খলভাবে বড় হন। পরিণত জীবনেও তিনি অনিয়ন্ত্রিত ভোগবিলাসী জীবনে অভ্যস্ত হয়ে উঠেন যা তাঁকে বিপুল ধার দেনায় জর্জরিত করে। জন্ম থেকেই ডান পায়ে সমস্যা নিয়ে খুঁড়িয়ে হাঁটা Byron বাইপোলার ডিসঅর্ডার ও ম্যানিক ডিপ্রেশনে ভুগতেন।

তিনি সমগ্র ইউরোপ জুড়ে ভ্রমণ করেছিলেন, বিশেষ করে ইতালিতে, যেখানে তিনি ভেনিস, রেভেনা এবং পিসা শহরে বসবাস করেছিলেন সাত বছর। ইতালিতে থাকার সময় তিনি প্রায়ই তার বন্ধু এবং সামসময়িক বিখ্যাত কবি Percy Bysshe Shelley -র সাথে দেখা করতেন। পরবর্তী জীবনে Byron অটোমান সাম্রাজ্যের বিরুদ্ধে গ্রিকদের স্বাধীনতা যুদ্ধে যোগদান করেন এবং সেই যুদ্ধের সময় নেতৃত্ব দিতে গিয়ে ১৮২৪ সালে গ্রিসের মেসলঙ্গি নামক স্থানে মাত্র ৩৬ বছর বয়সে জ্বরে ভুগে তিনি মারা যান। এ জন্য গ্রিকরা তাঁকে তাদের জাতীয় বীর হিসেবে গণ্য করে। Heaven and Earth; A Mystery **তার রচিত অন্যতম একটি কাব্য।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **Poems** | **Don Juan** | | She Walks in Beauty | | Mazeppa |
| | **Childe Harold's Pilgrimage** | | **The Vision of Judgment** | | **The Bride of Abydos** |
| **Poetry** | Hours of Idleness | Heaven and Earth (Poetic Drama) | Manfred | The Prisoner of Chillon | Prometheus |

### *The Bride of Abydos*

বিয়োগান্তক প্রেমের দীর্ঘ কাব্য। কাহিনি জুড়ে আছে Selim ও Zuleika র নিষিদ্ধ প্রেম, পিতা Giaffir এর আহত আত্মসম্মানবোধ, Giaffir ও Selim এর ডুয়েল লড়াই ও সেলিমের মৃত্যু, সবশেষে Zuleika এর দুঃখে মারা যাওয়া। কবিতার বিখ্যাত উক্তি-

***Man's love is of man's life a thing apart,***
***Tis woman's whole existence.***

**উত্তরণ Brief**

**Type:** Narrative Poem

**Characters:** Selim, Giaffir, Zuleika

**Theme:** Power of love and how destructive can a forbidden love be.



**Don Juan**

Lord Byron রচিত *Don Juan* ইংরেজি সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ বিদ্রুপাত্মক কবিতা। এটি প্রকৃতপক্ষে ষোল সর্গে সমাপ্ত একটি মহাকাব্য। Don Juan এ কাব্যের নায়ক। সে স্পেনের সেভিল শহরের বাসিন্দা। সে তার আকর্ষণীয় চেহারা ও চঞ্চল আচরণের মাধ্যমে সহজেই নারীর হৃদয় জয় করে নিতে পারে। তার মায়ের বান্ধবী ডোনা জুলিয়ার সাথে তার প্রেম হয়, ডোনা জুলিয়ার স্বামীর নাম ছিল ডন আলফনসো।

জাহাজডুবি আর জলদস্যুদের হাতে ধরা পড়া ডনকে বাঁচায় Haidée নামের এক সুন্দরী। অবধারিত ভাবেই তাদের প্রেম হয় এবং হেইডির পিতা Lambro ডনকে মেরে ফেলার হুমকি দেয়। সম্ভাব্য শ্বশুরের হাত থেকে পালিয়ে ডন চলে যায় রাশিয়া। সম্রাজ্ঞী Catherine the Great এর দরবারে আশ্রয় হয়, এবং প্রেমটাও হয়-হয় করে। একই কাণ্ড ইংল্যান্ডে, এখানের নায়িকা Lady Adeline.

Don Juan যেখানেই যায়, সাথে যায় তার নারীপ্রীতি, সুদর্শন চেহারা আর বক্র বুদ্ধি। ডনের চোখে আমরা সমাজের একটা মুখোশ খোলা চিত্র দেখতে পাই। জিজি বায়রন ব্যঙ্গভাষ্যে এ চিত্রটি নির্মাণ করে ইংরেজি সাহিত্যে অনন্য একটা স্থান তৈরি করেছেন। (Note: Saint Joan নাটকটি লিখেছেন G.B Shaw)

উত্তরণ **Brief**

**Type:**
Long Poem

**Characters:**
Don Juan, Haidée, Lambro, Catherine, Lady Adeline, Dona Julia, Don Alfonso.

**Theme:**
The journey of a young man's life through love, loss, and redemption.




| | |
|---|---|
| ***Manfred (Poem)*** | নাটকীয় কবিতা। হাফ সিস্টার Augusta Leigh এর সাথে বায়রনের সম্পর্কের গুজব ছড়িয়ে পড়লে কবি সুইজারল্যান্ডে পালাতে বাধ্য হন। সেখানে বসে ভৌতিক আবহে একজন মানুষের বিবেক যন্ত্রণা নিয়ে এই কাব্যনাট্যটি লেখেন। একে আত্ম-স্বীকারোক্তিমূলক ধরা যায়। |
| ***Childe Harold's Pilgrimage (Poem)*** | মধ্যযুগে নাইটহুডের অপেক্ষায় থাকা যুবকদের Childe বলা হতো। জীবনের অর্থ খুঁজে পেতেই হ্যারল্ডের এই তীর্থযাত্রা। |
| ***The Vision of Judgment*** | তৃতীয় জর্জ এর মৃত্যুর পরের বিচার সংক্রান্ত ব্যঙ্গ কবিতা। সাউদির একই নামে লেখা রচনার প্রত্যুত্তর। রাজতন্ত্রবাদী টোরিদের ব্যাঙ্গচিত্র। (Note: Visions of the Past লিখেছেন মাইকেল মধুসূদন দত্ত) |

## *Percy Bysshe Shelley* (1792-1822)



Romantic যুগের অন্যতম প্রধান কবি Percy Bysshe Shelley ইংরেজি সাহিত্যে First Revolutionary Poet হিসেবে পরিচিত। ছন্দ ও তালে অসাধারণ দক্ষতাসম্পন্ন Shelley ছিলেন ***Master of lyrics*** (গীতিকবিতার দক্ষ শিল্পী)। এছাড়াও তিনি "Poet of Wind" এবং "Poet of Hope and Regeneration" হিসেবে বিখ্যাত ছিলেন। রাজনৈতিক ও সামাজিক দৃষ্টিভঙ্গিতে একজন উগ্রপন্থি, Shelley তাঁর জীবদ্দশায় খ্যাতি অর্জন করতে পারেননি, তবে তাঁর মৃত্যুর পরে কবি হিসেবে তাঁর কৃতিত্বের স্বীকৃতি ক্রমাগত বেড়েছে এবং তাঁর সাহিত্যকর্ম পরবর্তী প্রজন্মের কবিদের উপর গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছিল।

Shelley নাস্তিকতার সমর্থনে **The Necessity of Aethism** লেখার জন্য Oxford University থেকে বহিষ্কৃত হয়েছিলেন। তাঁর জীবনে পারিবারিক সংকট, অসুস্থতা এবং তাঁর নাস্তিকতা, রাজনৈতিক দৃষ্টিভঙ্গি এবং সামাজিক প্রথার অমান্যতার বিরুদ্ধে প্রতিক্রিয়া নানাভাবে প্রভাব ফেলে। তিনি ১৮১৮ সালে ইতালিতে স্থায়ীভাবে স্বেচ্ছা নির্বাসনে চলে যান এবং পরবর্তী চার বছরে তিনি সেখানে যেসকল কবিতা রচনা করেন সেগুলোকে সাহিত্য সমালোচকগণ রোমান্টিক যুগের অন্যতম সেরা কিছু কবিতা বলে অভিহিত করেছেন। Shelley এর রচনায় প্রাচ্যের লক্ষণীয় প্রভাব ছিল। **"The Indian Serenade", "The Revolt of Islam"** কবিতাগুলি এর সাক্ষ্য বহন করে। Shelley এর দ্বিতীয় স্ত্রী Mary Shelley ছিলেন বিখ্যাত উপন্যাস *Frankenstein* এর লেখক। তিনি রোমান্টিক যুগের আরেক কবি Keats এর প্রচণ্ড ভক্ত ছিলেন, তাঁর পকেটে সব সময় Keats এর কবিতা থাকতো। মাত্র ৩০ বছর বয়সে আড্রিয়াটিক সাগর পার হতে গিয়ে নৌকাডুবিতে Shelley মারা যান। মৃত্যুর সময়ও তার পকেটে Keats এর কবিতার বই ছিল। অসমাপ্ত রেখে যান তার *The Triumph of Life* গ্রন্থটি।

**তার উপাধিসমূহ– Revolutionary Poet, Poet of Hope and Regeneration, Poet of Skylark and Wind**

| Poems | | | | Essays/Criticisms |
|---|---|---|---|---|
| **Ode to a Skylark** | The Revolt of Islam | **Alastor, or The Spirit of Solitude** | When Soft Voices Die | Defence of Poetry |
| **Ode to the West Wind** | Queen Mab | Hymn to Intellectual Beauty | | Address to the Irish People |
| **Adonais** | **Ozymandias** | The Cloud | | The Necessity of Atheism |
| **Novels** | | **Plays** (Tragedy) | | |
| St. Irvyne | Zastrozzi | Prometheus Unbound | | The Cenci |

## *Ode to the West Wind*

বাংলার জন্য যেমন কালবৈশাখি ঝড়, ব্রিটেনের জন্য West Wind তেমনই পরিবর্তনের পতাকাবাহী। পশ্চিমের বাতাস এসে এক প্রবল শক্তির ঝলকে ঝেটিয়ে বিদায় করে যা কিছু জরাজীর্ণ, প্রাণহীন। এই পশ্চিমা বাতাসের প্রতি রোমান্টিক কবিতার প্রবাদপুরুষ Shelley এর নৈবেদ্য এই কবিতা। কবিতাটিতে মোট পাঁচটি অংশ। প্রথম অংশে কবি স্মরণ করছেন এই পশ্চিমা বাতাসের কথা যে কিনা ঋতুর পরিবর্তন বার্তা বয়ে আনে। কবি ভাবেন, ইশ! এই বাতাস যদি আমার ভাবনা বয়ে নিয়ে যেত প্রতিটি মস্তিষ্কে!

দ্বিতীয় অংশে কবিকে দেখা যায় নিজ অক্ষমতা ও মরণশীল অস্তিত্ব নিয়ে আফসোস করতে। পশ্চিমা বাতাসের স্পর্শে সঞ্জীবনী শক্তি পেতে পারেন, এমন একটা আকাঙ্ক্ষাও এই পর্বে প্রকাশ পায়। তৃতীয় অংশে কবি আবারো এই বাতাসের গুণকীর্তন শুরু করেন। এবারে একটু সরাসরিই বলেন, পশ্চিমের বাতাস যেভাবে প্রকৃতিতে বৈপ্লবিক পরিবর্তন আনে, তেমনই যেন বিপ্লব বয়ে আনে মানুষের সমাজে।

চতুর্থ পর্বে কবি এবার সরাসরিই রাজনৈতিক আলাপ ধরেন। তিনি পশ্চিমের বাতাসকে বলেন তার বিপ্লবের বাণী ট্রাম্পেটের মতো সবখানে ছড়িয়ে দিতে। যেন, নির্যাতিত মানুষের মধ্যে দ্রোহ ছড়িয়ে যেতে পারে। এই পর্যায়ে কবিতাটির সবচেয়ে বেশি উদ্ধৃত চরণ দুটি আসে-


*Oh, lift me as a wave, a leaf, a cloud!*
*I fall upon the thorns of life! I bleed!*

পঞ্চম ও শেষ পর্বে কবি আবারো নিজের মৃত্যু ও বিনাশের কথা ভাবতে শুরু করেন। তবে এখানে আশাও থেকে যায়। কবির ভাবনা ও বার্তা এই পশ্চিমা বাতাসের সম্মোহনী শক্তিতে ছড়িয়ে যাবে প্রজন্মান্তরে। আর, এই শুষ্ক শীতের পর বসন্ত এলে পরে এই বার্তার কণ্ঠস্বর, কবির কথাও স্মরণ হবে।

**উত্তরণ Brief**

**Type:** Lyrical Poem

**Theme:** The transformative power of nature and the poet's desire for renewal and change.




*The trumpet of a prophecy! O Wind,*
*If Winter comes, can Spring be far behind?*

শেলী তাঁর ক্ষণজন্মা জীবনে বহ্নিশিখা হয়ে জ্বলেছেন। যে যুগ ও সমাজে তিনি জন্মেছিলেন তার নিপীড়নমূলক জড়তার প্রতি বিদ্বেষ থেকে বিপ্লবের স্ফুলিঙ্গ ছড়িয়েছেন সবখানে। নিজের নিয়মে চলা এই মহান শিল্পীর অন্যতম শ্রেষ্ঠ বৈপ্লবিক শিল্পকর্ম হিসেবে West Wind কালোত্তীর্ণ হয়েছে।


## *Ozymandias*

এটি প্রখ্যাত রোমান্টিক কবি Percy Bysshe Shelley এর অন্যতম আলোচিত ও শ্রেষ্ঠ সনেট। এরও উৎস পৌরাণিক কাহিনি ও ইতিহাসের সমন্বয়। কবিতায় দেখা যায় ফারাও দ্বিতীয় রামসেস (Ramises II), যে তার গ্রিক নাম Ozymandias নামেও পরিচিত, তার বিরাট প্রতিকৃতি ধূসর মরুর বুকে বালুতে পড়ে আছে। অথচ সেই মূর্তির বুকে লেখা,

**উত্তরণ Brief**

**Type:** Sonnet, Poem

**Theme:** Inevitable decline of human accomplishments and the fleeting nature of power and empire.




*My name is Ozymandias, King of Kings;*
*Look on my Works, ye Mighty, and despair!*

ক্ষমতার ক্ষণস্থায়ী মোহময়তার একটা করুণ চিত্র ফুটে এসেছে এই সনেটে। পরাক্রমশালী ফারাওর পতন পাঠককে এই বার্তাই দেয় যে- যতই ক্ষমতাবান হোক না কেন, কোনো অত্যাচারী শাসকই চিরকাল টিকে থাকতে পারে না, তাদের কীর্তিসমূহও সময়ের অতল গহ্বরে হারিয়ে যায়, নিশ্চিহ্ন হয়ে যায়। তৎকালীন ব্রিটিশ রাজা চতুর্থ জর্জ এবং নেপোলিয়নকে মাথায় রেখেই এই কবিতাটি লেখা হয়েছিল বলে অনেকে ধারণা করেন। তবে কবিতাটি যুগে যুগে সব স্বৈরশাসক যারা নিজেদের চিরক্ষমতাশালী ভেবেছে তাদের সবার জন্যই একটি সতর্কবার্তা হিসেবে আবেদন রেখে যাবে।

## *Adonais*

রোমান্টিক যুগের বিখ্যাত কবি Percy B. Shelley রচিত অন্যতম বহুল পরিচিত ও জনপ্রিয় রচনা হলো *Adonais*। বন্ধু কবি Keats এর অকাল মৃত্যুতে Shelley এই কাব্য রচনা করেন। Pastoral Elegy নামক এই কবিতাটি ৪৯৫টি লাইন ও ৫৫ টি Spenserian Stanzas দ্বারা গঠিত। কবিতাটির নামকরণ করা হয়েছে গ্রিক দেবতা Adonis এর নামানুসারে যিনি ছিলেন উর্বরতার দেবতা। গ্রিক মিথোলজিতে এই দেবতার মৃত্যু হয় অন্য দেবতাদের রোষানলে পড়ে। এই মৃত্যুর সাথে Keats এর মৃত্যুকে তুলনা করে কবি শোক প্রকাশ করেছেন কবিতায়। ভুলবশত Shelley ধারণা করেছিলেন, Quarterly Review পত্রিকার আক্রমণাত্মক সমালোচনায় কষ্ট পেয়েই Keats মৃত্যুবরণ করেছিলেন, তিনি যে মূলত যক্ষায় মারা গিয়েছিলেন, সেটা তিনি তখন জানতেন না। মূলত Keats এর সৃষ্টিকর্মকে অমর হিসেবে ঘোষণা দিয়ে এই শোককাব্যে Shelley অমরত্বের জগতে মিলিত হওয়ার বাসনা পোষণ করেন, মিশে যেতে চান মহাকালের আকাশে যেখানে Keats নক্ষত্রের মত উজ্জ্বল।

**উত্তরণ Brief**

**Type:** Poem, Elegy

**Theme:** A lament for the death of a fellow poet and a reflection on the enduring power of artistic legacy.



| | |
|---|---|
| *Defence of Poetry (Essay)* | কাব্য নিয়ে Shelley-এর আবেগপূর্ণ অভিব্যক্তি। কবিতার সাথে সমাজরূপের নিগূঢ় সম্পর্ক নিয়ে অতি উচ্ছ্বাস আছে এই প্রবন্ধে। |
| *The necessity of Atheism (Essay)* | নাস্তিকতা সিদ্ধান্ত নেবার বিষয় নয়। এটা মন থেকেই আসে। Shelley এই প্রবন্ধটিতে এমনটাই বলতে চেয়েছেন। এই প্রবন্ধের কারণে তাঁর ছাত্রত্ব বাতিল হয়। |
| *Prometheus Unbound (Poetry)* | চার অঙ্কের কাব্যনাট্যের কাহিনি নিয়েছেন গ্রিক পুরাণ থেকে। নাটকটির অনুপ্রেরণা ছিল প্রাচীন গ্রিক নাট্যকার Aeschylus এর *Prometheus Bound* নাটকটি। এর কাহিনিতে দেখা যায়, পৌরাণিক দেবতা প্রমিথিউস স্বর্গ থেকে আগুন এনে দিয়েছিল মানবজাতিকে। এই অপরাধের শাস্তিস্বরূপ দেবরাজ জুপিটার বা জিউস তাকে পাহাড়সম এক পাথরে বেঁধে একটি ঈগল দিয়ে প্রতিদিন তার কলিজা ঠুকরে ঠুকরে খাওয়াতো। প্রতিরাতে কলিজাটা ফের গজাত। ইস্কিলাসের প্রমিথিয়াস আবার জুপিটারের সাথে সমঝোতা করে নিলেও শেলীর নাটকে সেটা ঘটেনি। |
| *Queen Mab (Poem)* | এটি তার প্রথম দীর্ঘ কবিতা যা দার্শনিক ধাঁচের। নাস্তিকতার যুক্তি নিয়ে বিচলিত Shelley'র রচনা। |
| *The Revolt of Islam (Poem)* | বৃহৎ পৌরাণিক আঙ্গিকে কাজ করার পর্ব শুরু। ১২ ক্যান্টোর এই কবিতায় ইসলামের বিজয়গাঁথা নিয়ে কোনও কথা নেই। উপজীব্য হয়েছে সততা, নৈতিকতা ইত্যাদি চারিত্রিক গুণের বর্ণনা। (Note: The Spirit of Islam লিখেছেন সৈয়দ আমীর আলী) |
| *To a Skylark (Poem)* | প্রকৃতি বন্দনা ও সেইসাথে স্কাইলার্ক পাখির উদ্যম উচ্ছ্বাসের প্রশংসা। মানুষের ভারাক্রান্ত জীবনের সীমাবদ্ধতা ছাড়িয়ে স্কাইলার্ক পাখি যেভাবে মুক্ত আকাশে উড়তে পারে, তা-ই কবির অনুপ্রেরণা। |
| *Zastrozzi (Novel)* | সপ্তদশী কিশোর Shelley-র কল্পনা প্রসূত Gothic উপন্যাস। এতে জাস্ত্রোসির লোভ ও অনিয়ন্ত্রিত জীবনের বর্ণনা আছে। গঠন আঙ্গিকের দিক থেকে অপরিণত, তবে শেলীর উপন্যাস হিসেবে বিশেষ। |

## *Jane Austen (1775-1817)*



**Jane Austen রোমান্টিক যুগের একজন Anti-romantic নারী ঔপন্যাসিক।** মাত্র ৬টি পূর্ণাঙ্গ উপন্যাস লিখে তিনি ইংরেজি সাহিত্যে অমর হয়ে আছেন। এই উপন্যাসগুলো তিনি নিজ নামে প্রকাশ করেননি, জীবদ্দশাতেও সেগুলো খুব একটা আলোড়ন তুলেনি। Austen এর রচনার প্রধান বিষয়বস্তু ছিল আঠারো শতকের ইংরেজ ভূস্বামী সমাজে তরুণ-তরুণীদের প্রেম, দ্বন্দ্ব-কলহ, বিচ্ছেদ ও পুনর্মিলন। সে সময় সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তা ও সুবিধাজনক অবস্থানের জন্য নারীদের বিয়ের উপর নির্ভর করার বিষয়টি নিয়েও তিনি তাঁর উপন্যাসগুলোতে আলোকপাত করেন। তাঁর প্রধান রচনাসমূহের মধ্যে **Sense and Sensibility, Pride and Prejudice, Mansfield Park, Emma** উপন্যাসগুলো মোটামুটি ব্যবসাসফল হলেও তাঁর নামে প্রকাশিত না হওয়ায় তেমন খ্যাতি পাননি। কিন্তু এই উপন্যাসগুলো পরবর্তীতে এতটাই পাঠক-প্রিয়তা অর্জন করে যে এগুলো কখনই **'আউট অফ প্রিন্ট'** হয়নি, এই গ্রন্থগুলো অবলম্বনে চলচ্চিত্রও নির্মিত হয়েছে আধুনিক সময়ে।

অক্ষত কয়েকটি চিঠি আর পরিবারের সদস্যরা তাঁর যে জীবনীমূলক নোটগুলো লিখেছিলেন সেগুলো ছাড়া Austen এর জীবন সম্পর্কে উল্লেখযোগ্য তেমন কোনো তথ্য পাওয়া যায় না। তিনি মূলত তাঁর পিতা ও ভাইদের কাছে লেখাপড়া শেখেন এবং নিজেও পড়াশোনা করেন। পেশাদার লেখক হিসেবে নিরবচ্ছিন্ন ভাবে তাঁর সাহিত্যচর্চা করতে পারার পিছনে পরিবারের সমর্থন পাওয়ার একটি বিশেষ ভূমিকা ছিল। তিনি আমৃত্যু অবিবাহিত ছিলেন এবং বাবার লাইব্রেরিতে পড়াশোনা ও সাহিত্যচর্চা করেই জীবন অতিবাহিত করেন। ক্ষয়রোগে আক্রান্ত হয়ে ১৮১৭ সালে মাত্র ৪১ বছর বয়সে তিনি মারা যান।

| | | | |
|---|---|---|---|
| **Novels** | **Pride and Prejudice** | Persuasion | Emma |
| | **Mansfield Park** | **Sense and Sensibility** | Northanger Abbey |

### *Pride and Prejudice*


রোমান্টিক যুগের বাস্তববাদী ঔপন্যাসিক Jane Austen এর রচিত *Pride and Prejudice* উপন্যাসটি এখন পর্যন্ত ইংরেজি সাহিত্যের সবচেয়ে জনপ্রিয় সাহিত্যকর্মগুলোর একটি। এখন পর্যন্ত প্রায় ২ কোটিরও বেশি কপি বিক্রি হওয়া উপন্যাসটি মূলত Novel of Manners ধাঁচের যেখানে সেই যুগের অভিজাত শ্রেণির আচার আচরণ, মূল্যবোধ ও রীতিনীতি বিস্তারিত ভাবে জটিল কাহিনির মাধ্যমে ফুটিয়ে তোলা হয়। এই উপন্যাসটির কাহিনিও জমিদার কন্যা Elizabeth Bennet কে কেন্দ্র করে গড়ে উঠেছে যে পুরো উপন্যাস জুড়ে অল্পতেই মানুষকে বিচার করার অপকারিতা এবং লোক দেখানো ও প্রকৃত ভালোমানুষির মধ্যে পার্থক্য করতে শেখে। কোনো পুরুষ উত্তরাধিকার না থাকায় পিতার মৃত্যুর পর Elizabeth এর মা ও ৫ বোন খুবই দুর্দশায় পতিত হয় এবং এ অবস্থায় ৫ বোনের কোনো একজনকে বিয়ে করার মাধ্যমে বাকিদের সাহায্য করাটা আবশ্যক হয়ে উঠে, আর এটিই উপন্যাসের কাহিনিকে এগিয়ে নিয়ে যায়। উপন্যাসটির নায়ক জমিদারপুত্র Fitzwilliam Darcy এর সাথে পুরো উপন্যাসেই নায়িকা Elizabeth এর "কাছে আসা-দূরে যাওয়া, ধরি মাছ না ছুঁই পানি" ধরনের সম্পর্ক চলতে থাকে। উপন্যাসটির মূল থিম হিসেবে নায়িকার Prejudice এবং নায়কের Pride ছাপিয়ে তাদের মিলনের কাহিনিই মুখ্য হয়ে উঠেছে।

**উত্তরণ Brief**

**Type:**
Novel

**Characters:**
Elizabeth Bennet (Heroine), Fitzwilliam Darcy (Hero), Jane Bannet, Charles Bingley, William Collins

**Theme:**
Pride and prejudice against reloationship and social status.




| | |
|---|---|
| ***Sense and Sensibility* (Novel)** | Elinor, Marianne, Margaret এই তিন বোনের বেড়ে ওঠার গল্প। পিতৃবিয়োগে তাদের দেশান্তরী হওয়া ও সেখানের যাপিত জীবন এই উপন্যাসের প্রতিপাদ্য। |
| ***Mansfield Park* (Novel)** | চাচির বাসা, Crawford House এ গরিব পরিবারের অন্তর্মুখী নারী Fanny Price এর বেড়ে ওঠার গল্প। সামাজিক অবস্থান ও নীতিবোধ এ উপন্যাসের মূল আলোচ্য। সাথে আছে প্রেম ও আত্মসম্মানবোধ এর বিরোধ। সব মিলিয়ে Jane Austen এর সাহিত্যিক ব্যক্তিত্বের একটা প্রতীক। |
| ***Emma* (Novel)** | ব্রিটেনের উচ্চবিত্ত সমাজে মেয়েদের প্রেম, যৌনতা, স্বীকৃতি ও বিবাহের প্রেক্ষাপট উঠে এসেছে। এটি Comedy of Manners এর দৃষ্টান্ত। |

## *John Keats (1795-1821)*

John Keats রোমান্টিক যুগের সবচেয়ে বিখ্যাত গীতিকবিদের মধ্যে অন্যতম। তাঁর কাব্যে সৌন্দর্য, ভালোবাসা, প্রকৃতিপ্রেম সর্বোপরি মানবমনের বিশুদ্ধ ও তীব্র আবেগ ও অনুভূতির স্বতঃস্ফূর্ত প্রকাশ ঘটেছে। এই ক্ষণজন্মা কবি বেঁচেছিলেন মাত্র ২৫ বছর। এই ছোট্ট জীবনেই তিনি ইংরেজি ভাষার শ্রেষ্ঠ কয়েকটি কবিতা লিখে গেছেন। তাঁর কবিতা লেখার সময়কাল ছিল মাত্র ৬ বছর আর জীবদ্দশায় অল্প কয়েকজন শুভাকাঙ্ক্ষী বাদে সাহিত্য সমালোচকদের কাছ থেকে তীব্র সমালোচনা ছাড়া আর কিছুই পাননি। অথচ দুইশ বছর পর এসেও এখনও Keats সারা বিশ্বের সবচেয়ে পঠিত, আলোচিত ও সমাদৃত কবিদের একজন।

ছাত্রাবস্থাতেই Keats আকৃষ্ট হয়েছিলেন গ্রিক পুরাণের প্রতি। পড়েছিলেন Virgil এর মহাকাব্য *'Aeneid'*। স্কুলে পড়ার সময় হেডমাস্টারের ছেলে Charles Cowden Clarke এর সাথে তাঁর বন্ধুত্ব হয়। এই বন্ধুর উৎসাহ ছিল Keats এর আজীবন অনুপ্রেরণা। Clarke এর বন্ধুত্বের সূত্রেই সে সময়ের প্রতিষ্ঠিত কবি Leigh Hunt এর সাথে তাঁর পরিচয় হয়। এরপর একে একে সাহিত্যিক Coleridge, Hazlitt, Lamb এবং রোমান্টিক কাব্য আন্দোলনের পুরোধাপুরুষ Wordsworth এর সাথেও তিনি পরিচিত হন। মূলত এদের সাথে পরিচয় হওয়ার পর ১৮১৩ খ্রিষ্টাব্দ থেকে তিনি কবিতা রচনার প্রতি আকৃষ্ট হন। ১৮১৪ খ্রিষ্টাব্দে Keats লিখেন তার প্রথম কবিতা **'Imitation of Spenser'**



Keats এর অবিস্মরণীয় Ode গুলো হচ্ছে– **'Ode on Indolence', ' Ode on a Grecian Urn', 'Ode to Psyche', 'Ode to a Nightingale'** এবং **'Ode on Melancholy'**। এই গীতিকবিতা গুলোতেই তাঁর কাব্যপ্রতিভা ও সৌন্দর্যপ্রকাশের মাধুর্য প্রবলভাবে প্রকাশিত হয়, যেমন *'Ode on a Grecian Urn'* কবিতাটির সেই বিখ্যাত পঙ্ক্তি ***"Beauty is truth, truth beauty – that is all ye know on earth, and all ye need to know"*** কবির কাব্যমনের সার্থক পরিচয় দেয়। ১৮১৯ খ্রিষ্টাব্দেই কিটস লিখেছিলেন প্রেম ও প্রতারণার বিষয়ে এক অতিপ্রাকৃত গাথাকব্য **La Belle Dame sans Merci,** এবং নাগিনী-কন্যার কাহিনি **'Lamia'**. এর পরেই লেখা হলো আঙ্গিকগতভাবে তাঁর সর্বশ্রেষ্ঠ **'Ode To Autumn'**. ১৮১৯ খ্রিষ্টাব্দের শেষে অসম্পূর্ণ **'Hyperion'**-কে নতুন রূপ দিলেন কীটস, *'The Fall of Hyperion'* নামে। ১৮২০ খ্রিষ্টাব্দে কিটসের দ্বিতীয় কাব্যগ্রন্থ **'Lamia, Isabella, The Eve of St. Agnes and other Poems'** প্রকাশিত হয়। ঐ বছরেই সেপ্টেম্বরে কবি ইতালি যাত্রা করেন বন্ধু Joseph Severn এর সঙ্গে। কবি Shelley এর সাথে পিসা শহরে বাসের আমন্ত্রণ উপেক্ষা করে Keats রোমে পৌঁছেন এবং সেখানেই তাঁর মৃত্যু হয়।

Keats এর কবিতা পাঠে পাঠকের সকল ইন্দ্রিয় তথা Sense জাগ্রত হয়, তাই তাঁকে বলা হয় **Poet of Sensuousness**। এছাড়াও তাঁর কবিতায় সৌন্দর্যের জয়গান গাওয়া হয়েছে তাই তিনি **Poet of Beauty** নামেও খ্যাত। তিনি কাব্যরচনায় 'Negative Capability' শব্দগুচ্ছটি উদ্ভাবন করেন। এটি দিয়ে তিনি বুঝিয়েছেন, মানব জীবনে সব ঘটনা বা কাজের যৌক্তিক ব্যাখ্যা ও বিশ্লেষণ থাকে না, কিছু বিষয় রহস্যপূর্ণ ও অজানাই থেকে যায়। Keats এর মতে, কবিতায় সব বিষয়াবলির সুস্পষ্ট ব্যাখ্যা না দিয়ে কিছু বিষয় রহস্যময় রেখে পাঠকের কল্পনার উপর ছেড়ে দেওয়াই একজন কবির কৃতিত্ব। চিকিৎসক পেশার নিশ্চিন্ত ও আর্থিকভাবে সুরক্ষিত জীবন ছেড়ে কবিতা লেখার অনিশ্চিত জীবন বেছে নিয়েছিলেন কাব্যসুধার প্রতি তীব্র ভালোবাসা থেকে। কিন্তু জীবন তাঁর প্রতি দয়া করেনি, ভয়াবহ যক্ষ্মা রোগে ছোটবেলায় মাকে হারিয়েছিলেন, ভাইকেও বাঁচাতে পারেননি নিজ হাতে নিবিড় সেবা-শুশ্রূষা করেও। সে সময়ই হয়ত নিজের ভিতর নিয়েছিলেন মরণ-বীজ। ১৮২০ সালে যখন যক্ষ্মার লক্ষণগুলো তীব্রভাবে প্রকাশিত হতে শুরু করলো, কবির রক্তক্ষরণ হচ্ছে কাশির সাথে, তখন নিজের সময় শেষ হয়ে আসছে বুঝতে পেরে কবি তার বান্ধবী Fanny Brawne কে চিঠিতে লিখেছিলেন, ***"I have left no immortal work behind me – nothing to make my friends proud of my memory – but I have lov'd the principle of beauty in all things, and if I had had time I would have made myself remember'd."*** এমনকি কবির ইচ্ছায় তাঁর এপিটাফে লেখা ছিল, ***"Here lies One whose Name was writ in Water."*** হায়, কবি, তিনি জানতেও পারলেন না, তাঁর নাম পানির উপর লেখার মতো অস্থায়ীতো নয়ই, বরং যতদিন মানুষ কবিতা পড়বে, তীব্র আবেগে আপ্লুত হবে, সৌন্দর্যে বিমোহিত হবে, John Keats এর নাম ততদিন উজ্জ্বলতম হীরক-খণ্ডের মতো জ্বলজ্বল করবে সাহিত্যপ্রেমীদের মনে। মাত্র মাত্র ২৫ বছর বয়সে যক্ষ্মায় (T.B) তে নিভে যায় এ নক্ষত্র।

*তাঁর উপাধিগুলো হলো–* **Poet of Beauty, Poet of Sensousness, Man of Medicine**

*তাঁর লিখার কিছু বৈশিষ্ট্য–* **Sensuousness, Hellenism, Negative Capability, Aestheticism, Escapism**

| Poems | | | | |
|---|---|---|---|---|
| La Belle Dame Sans Merci | The Eve of St Agnes | Bright Star | **Endymion** | **Ode on Melancholy** |
| **Ode to Autumn** | **Ode on a Grecian Urn** | **Hyperion** | Ode to Psyche | **Ode to a Nightingale** |
| On First Looking into Chapman's Homer | | Isabella | Ode to Fancy | Lamia |

উত্তরণ Special

**John Keats N A I M – এর G E L নিলো।**

N = Ode to a Nightingale  A = Ode to Autumn  I = Isabella  M = Ode on Melancholy
G = Ode on a Grecian Urn  E = Endymion  L = Lamia

### To Autumn


রোমান্টিক যুগের চিরন্তন প্রতিপাদ্য হলো প্রকৃতির প্রতি ভালোবাসা। এই প্রতিপাদ্যের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন কিটসের শরতের প্রতি নৈবেদ্য এ কবিতাটি। তিন ছত্রের এই কবিতাটি শুরু হয়েছে শরতের কর্মচাঞ্চল্য দিয়ে। শরতে যেমন করে নতুন ফল ও ফসল ঘরে তোলার উৎসব শুরু হয়, তার সাথে প্রকৃতির গতিময়তার তুলনা করে এই ছত্রের অলংকরণ।

দ্বিতীয় ছত্রটির সৌন্দর্যই খুব সম্ভবত এই কবিতার প্রাণ। কাব্যিক ভাষায় প্রাকৃতিক সৌন্দর্যের সাথে মানবিক অনুভূতির একটা ধূসর সেতু গড়তে পারেন কিটস, যা এই কবিতায় সবচেয়ে স্পষ্ট হয়েছে দ্বিতীয় ছত্রের চিত্রণে। তাঁর, winnowing wind অথবা fume of poppies এর কথা পড়ে স্পর্শ, শ্রুতি, দৃশ্য ও গন্ধের অনুভূতি না জাগিয়ে থাকা প্রায় অসম্ভব।

উত্তরণ Brief

**Type:** Ode, Poem

**Theme:** The celebration of the beauty and richness of the autumn season.



তৃতীয় ছত্রটি শুরু হয়েছে কবিতার বহুবার উদ্ধৃত দুটি চরণ দিয়ে,

***Where are the songs of spring? Aye, Where are they?***
***Think not of them, thou hast thy music too,—***

এই ছত্রটি বেদনার। সেইসাথে আশার আভাসও পাওয়া যায়। বেদনার কারণ এই যে শরতের শেষ ঘনিয়ে আসছে। শীতের শুষ্ক বিবর্ণতায় নিপতিত হতে চলেছে পৃথিবী। আশার কারণ এই যে আবারো প্রকৃতির অমোঘ নিয়মে শরৎ আসবে ফিরে, এই বর্ণবিক্ষুব্ধ সুন্দরের সকল শক্তি নিয়ে।

### Ode on a Grecian Urn

কিটসের কবিতা মানেই সুন্দরের বর্ণনা। এই কবিতায় যে সুন্দরের বন্দনা এসেছে তার উৎস একটি প্রাচীন ভস্মাধার। এই ছাইপাত্র অলংকৃত চারটি অনিন্দ্য চিত্রকর্মে। প্রতিটির বিষয় ভিন্ন। প্রথমটি একদল বাদকের চিত্র। তারা কোন সুর বাজায়?

***Heard melodies are sweet, but those unheard***
***Are sweeter; therefore, ye soft pipes, play on;***

পরের দুইটি চিত্রই ভালোবাসার। একটি চুম্বনরত প্রেমিক প্রেমিকার, অপরটি প্রণয়োচ্ছল পুরুষদের এক নারীর পেছনে দৌড়ে বেড়ানোর দৃশ্য। শেষ দৃশ্যটি ভক্তির। বলিদানে তীর্থযাত্রীদের এগিয়ে চলা। হাজার বছর ধরে অক্ষয় গ্রিসের এই ছাইপাত্রের গায়ে এঁকে রাখা সৌন্দর্য বিগত এক প্রজন্মের আবেগ অনুভূতিকে বয়ে নিয়ে এসেছে। এই কালোত্তীর্ণ শিল্প ও সুন্দরের মধ্যে কবি তার ক্ষীণ জীবনের তুলনায় সত্য অনুসন্ধান করেছেন। এই সত্যের কাব্যভাষ্য-

***"Beauty is truth, truth beauty, — that is all***
***Ye know on earth, and all ye need to know."***

উত্তরণ Brief

**Type:** Ode, Poem

**Theme:** contrast between the fleeting nature of human life and the eternal beauty of art.



| | |
|---|---|
| ***The Eve of St. Agnes (Poem)*** | আখ্যানমূলক কবিতা। এই কবিতার নায়িকা Madeline এবং নায়ক Porphyro পরস্পরকে ভালোবাসে কিন্তু উভয় পরিবারের মধ্যে শত্রুতা বিদ্যমান। এই প্রণয়ে তাই কোনো পক্ষেরই সায় নেই। যাইহোক, এই কবিতার মূল থিম হলো ম্যাডেলিন এর ঈশ্বরভক্তি ও প্রণয়কামনার মধ্যে দ্বন্দ্ব। |
| ***La Belle Dame Sans Merci (Lyrical Drama)*** | মধ্যযুগের ফ্রেঞ্চ কবি Alain Chartier এর কবিতা থেকে নাম ধার করে John Keats লিখেছিলেন এই সুন্দর গীতিনাট্যটি। এই নামের অর্থ **"যে নারী হৃদয়হীনা"**। সৌন্দর্য নির্ভর ভালোবাসার প্রতি নিন্দার প্রকাশ পাওয়া যায় কবিতায়। পাশাপাশি Keats এর ভাষা মাধুর্যও কবিতাটির সৌন্দর্য বহুগুণ বৃদ্ধি করেছে। |
| ***Ode to a Nightingale (Poem)*** | Negative Capability এর চূড়ায় বসে কবিতাটি জন্মেছিল। আনন্দ নয় বরং সুন্দরের খোঁজে সত্যগ্রাহী চোখ তখন বেদনাকেও এড়াতে দেয় না। |
| ***Endymion (Poem)*** | রাখাল রাজা Endymion আর দেবী Selene এর পৌরাণিক প্রেমকাহিনি। নায়িকার নাম পরিবর্তন করে রেখেছেন, "Cynthia". অমর প্রথম চরণ- "A thing of beauty is a joy forever". |
| ***Bright Star (Sonnet)*** | প্রেমের সনেট। প্রেয়সী Fanny Brawne এর বুকে শুয়ে জীবনটাকে কেমন তুচ্ছ মনে হবে- এরকম একটা মোহগ্রস্ততা রয়েছে কবিতায়। |
| ***On First Looking into Chapman's Homer (Sonnet)*** | Homer এর *Iliad; Odyssey*-র সার্থক অনুবাদ করেছিলেন Chapman। মিথ ও রূপকথার একটি মিলিত জগতে ভ্রমণের অভিজ্ঞতা উঠে এসেছে এই স্বল্পদৈর্ঘ্য সনেটে। |

## Other Authors & Their Works

### *Sir Walter Scott (1771-1832)*

Sir Walter Scott স্কটল্যান্ডের Edinburgh-এ জন্মগ্রহণ করেছিলেন। তিনি ছিলেন একাধারে ঐতিহাসিক, ঔপন্যাসিক, নাট্যকার এবং কবি। তাঁকে বলা হয় **Father of both the Regional and Historical Novels.** তিনি প্রথম স্কটিশ সাহিত্যিক যিনি নিজের জীবদ্দশাতেই আন্তর্জাতিক খ্যাতি অর্জন করতে সমর্থ হয়েছিলেন। এখনও তাঁর বইগুলো ব্যাপক জনপ্রিয় ও পঠিত, বিশেষভাবে তাঁর রচিত **Ivanhoe, Rob Roy, Waverley, Old Mortality, The Heart of Midlothian, The Bride of Lammermoor** উপন্যাসগুলো ইউরোপিয়ান সাহিত্যে ধ্রুপদী রচনা হিসেবে স্থান করে নিয়েছে।

| Novels | | | Poems |
|---|---|---|---|
| **Ivanhoe** | The Heart of Midlothian | The Antiquary | **Patriotism** |
| The Abbot | The Bride of Lammermoor | **The Talisman** | The Lady of the Lake |

| | |
|---|---|
| ***Patriotism (Poetry)*** | দেশপ্রেম যার অন্তরে নাই এমন একজনের কুৎসা গেয়েছে এই কাব্য। অনেকটা আমাদের "কপোতাক্ষ নদ" অথবা "বঙ্গবাণী"-র মতো। (Note: The Patriot কবিতাটি লিখেছেন Robert Browning). |
| ***The Lady of The Lake (Poem)*** | ছয় দিনের গল্প। তিনটা মূল কাহিনি। ইংল্যান্ড ও স্কটল্যান্ডের রাজনৈতিক পটভূমিতে তিন পুরুষের এক নারীর হৃদয় জয় করার কীর্তি বর্ণিত হয়েছে। |
| ***Ivanhoe (Novel)*** | ক্রুসেড যুদ্ধের প্রেক্ষাপটে রচিত এই উপন্যাসে স্যাক্সন ও নরমানদের মধ্যে বিরোধ ফুটে উঠেছে। কাহিনিতে দেখা যায়, ক্রুসেড থেকে ফেরার পথে রাজা রিচার্ড বন্দি হন, তার ক্ষমতালোভী ভাই জন সিংহাসন দখল করে। এমন অবস্থায় রাজা রিচার্ডের অত্যন্ত অনুগত নাইট Ivanhoe সামনে এগিয়ে আসে, রাজা রিচার্ডের পক্ষ হয়ে সে হাতে তুলে নেয় তলোয়ার। ইংল্যান্ডের সেরা যোদ্ধাদের বিরুদ্ধে সে প্রাণপণ যুদ্ধে জড়িয়ে পড়ে, পায় অনেক সম্মান ও পুরস্কার। এই Ivanhoe চরিত্রটির মাধ্যমে তৎকালীন নাইটদের সম্মান ও বীরত্বের চূড়ান্ত একটা রূপ দেখানো হয়েছে। |

### *Robert Southey (1774-1843)*

তিনি Lake Poets দের অন্তর্ভুক্ত। Wordsworth যুগলের সাথে তিনিও নিয়মিত লেকের পাড়ে হাঁটতে যেতেন। রাজদরবারের Poet Laureate হয়েছিলেন। The Quarterly Review পত্রিকায় নিয়মিত লিখতেন। তাঁর কবিতায় প্রকৃতি বন্দনার তুলনায় রাজনীতি ও সমাজ সচেতনতা বেশি স্থান পেয়েছে। বিষয়ের দিক থেকে তার পছন্দ ছিল ইতিহাস আর তিনি বিশ্বাস করতেন, সাহিত্যের মাধ্যমে সমাজ বদলে দেওয়া সম্ভব। Coleridge এবং Southey এর লেখা তিন অঙ্ক বিশিষ্ট একটি নাটক হলো- The Fall of Robespierre.

| Children's Book | Poem | | |
|---|---|---|---|
| Goldilocks and the Three Bears | Thalaba the Destroyer | The Fall of Robespierre | Joan of Arc |

| | |
|---|---|
| ***The Curse of Kehama (Narrative Poem)*** | ১৮১০ সালে প্রকাশিত এই কাহিনি-কাব্য (Narrative Poem) খুবই জনপ্রিয়তা পেয়েছিল। এর কাহিনি উৎস হিন্দু পৌরাণিক উপকথা। কেহামা, এক ব্রাহ্মণ যাজক, অমরত্ব অর্জনের জন্য তৎপর হয়। তার এই প্রচেষ্টা দেবতাদের রুষ্ট করে এবং দেবতারা কেহামার ওপর অভিশাপ আরোপ করে। যাজকের অনেক জাদুকরী ক্ষমতা থাকা সত্ত্বেও দেবতাদের অভিশাপে তার পতন হয়। |
| ***Goldilocks and the Three Bears*** | উনিশ শতকের অন্যতম জনপ্রিয় রূপকথা। এতে দেখা যায় Goldilock নামধারী ছোট্ট বালিকা তিন ভাল্লুকের বাড়িতে ঢুকে পড়ে, স্যুপ খায়, ঘুমায়। |

## Charles Lamb (1775-1834)

ইংরেজি সাহিত্যে সর্বাধিক পঠিত Essay রচয়িতা ছিলেন। তিনি Elia ছদ্মনামে লিখতেন। শিশুদের জন্য উপযোগী ভাষায় Shakespeare এর নাটকগুলো অনুদিত করে তিনি ইংরেজি সাহিত্যে অমর হয়ে আছেন। তিনি ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানিতে চাকরি করতেন। Charles Lamb ও Mary Lamb এর লেখা শিশুতোষ গ্রন্থ Tales from Shakespeare.

| **Children's Book** | | **Essays** | |
|---|---|---|---|
| Tales from Shakespeare | The adventures of Ulysses | Essays of Elia | The Last Essays of Elia |

| | |
|---|---|
| ***Tales from Shakespeare (Play)*** | শিশুদের পাঠ উপযোগী গল্পের ছলে Shakespeare এর কালজয়ী বিশটি নাটক এক ভলিউমে নিয়ে এসেছেন চার্লস ল্যাম্ব ও তাঁর বোন মেরী ল্যাম্ব। ট্র্যাজেডিগুলো নিয়ে কাজ করেছেন চার্লস আর কমেডিতে মেরী। এই বইটি শেক্সপিয়ারের লিগ্যাসি তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। |

## Thomas De Quincey (1785-1859)

আফিমখোর প্রাবন্ধিক কুইন্সির প্রভাব সমকালীন সাহিত্যজগতে প্রবলভাবে অনুভূত হয়েছিল। তিনি Confessional Literature নামে একটা সাহিত্যধারা সৃষ্টি করেছিলেন যার প্রভাব পড়েছিল আমাদের বঙ্কিমচন্দ্র পর্যন্ত।

| **Essays** | Confessions of an English Opium Eater | Suspiria De Profundis |
|---|---|---|

| | |
|---|---|
| ***Confessions of an English Opium Eater (Essay)*** | উপন্যাস, প্রবন্ধ না আত্মজীবনী? কোনও ক্যাটাগরিতেই ঠিকঠাক পড়েনা Thomas De Quincey রচিত এই কালজয়ী সাহিত্যকর্মটি। লেখকের নিজের দাবি যে এই লেখাটি একটি সতর্কবার্তা– আর কেউ যেন আফিমে আসক্ত হয়ে না পড়ে। অথচ লেখক আফিমের ঘোরে পাওয়া বিদগ্ধ দর্শন আর চিত্রকল্পগুলো এমনভাবে ফুটিয়ে তুলেছেন, যারা আফিম খায় না তাদের মনে হতে পারে, যেন কত বড় ক্ষতি হয়ে গেল।<br>গ্রন্থের শেষে কুইন্সি বলেছেন যে, তিনি আর আফিম খান না। সুস্থ জীবনে ফিরে এসেছেন। বাস্তবে কিন্তু তিনি আমৃত্যু আফিমের ঘোরেই ডুবে ছিলেন। সে যা-ই হোক, এই উদ্ভট অনবদ্য সাহিত্যকর্মের প্রভাব খুব পড়েছিল বঙ্কিমচন্দ্রের ওপর। তাঁর *"কমলাকান্তের দপ্তর"* এর রচনাগুলো এই বইয়ের অনুপ্রেরণাতেই লেখা। আফিমের নেশাকে এই গ্রন্থে সুখকর অভিজ্ঞতা হিসেবে দেখানোর অভিযোগে সমালোচনাও আছে প্রচুর, যেমন এই বিখ্যাত লাইনটি উল্লেখযোগ্য -<br>***"Thou hast the keys of Paradise, O just, subtle, and mighty opium!"*** |

## William Hazlitt (1778-1830)

রোমান্টিক যুগ নিয়ে যা কিছু বলা হয়েছে তার বেশিরভাগই মিস্টার হ্যাজলিটের লেখা থেকে পাওয়া। এই সাহিত্য যুগটি আজ অবধি ইংরেজি সাহিত্যে সবচেয়ে বেশি আলোচিত ও একাডেমিক পর্যায়ে পঠিত তার একটা বড় কারণ উইলিয়াম হ্যাজলিট।

| **Essays** | **The Spirit of The Age** | Characters of Shakespeare's Plays |
|---|---|---|

| | |
|---|---|
| ***The Spirit of the Age*** | সামসময়িক ২৫ জন চিন্তাবিদের প্রভাব নিয়ে এই সামাজিক ধারাভাষ্যটি লিখেছেন। এই রচনা থেকেই মূলত ওয়ার্ডসওয়ার্থ, কলেরিজ, বায়রন প্রমুখেরা জীবদ্দশাতেই ঐতিহাসিক মাত্রার নৈবেদ্য দেখতে পান। তবে, রচনাটিতে কবিদের চেয়ে বেশি মূল্যায়ন পেয়েছিলেন চিন্তাবিদ ও রাজনৈতিক ভাষ্যকারেরা। ফ্রেঞ্চ বিপ্লবের একনিষ্ঠ সমর্থক হ্যাজলিটের বইতে তাই জেরেমি বেন্থাম আর স্টুয়ার্ট মিল এর ব্যাপারে অতি-উচ্ছ্বাস ছিল। |

## *Mary Shelley* (1797-1851)

১৯৭৯ সালের ৩০ আগস্ট লন্ডনে জন্ম গ্রহণ করেন মেরি শেলি। তার জন্মের সময় তার মা Mary Wollstonecraft মারা যান; যিনি ছিলেন একজন নারীবাদী লেখিকা। ১৮১২ সালে P.B Shelley এর সাথে তার সাক্ষাতের পর শেলির প্রেমে পরে যান তবে সামাজিক সমালোচনার জন্য তারা বিয়ে করতে পারেন নি কারণ P.B. Shelley তখন বিবাহিত ছিলেন; ১৮১৬ সালের শেলির প্রথম স্ত্রীর মৃত্যুর পর তাদের বিয়ে হয়। পরপর তিন সন্তানের মৃত্যুর শোকে লিখেন তাঁর বিখ্যাত উপন্যাস Frankenstein. ১৮২২ সালে নৌকা ডুবিতে P.B. Shelley'র মৃত্যু হলে তার মানসিক কষ্টের বোঝা আরো ভারী হয়।

| Novel | | | Short Story |
|---|---|---|---|
| **Frankenstein** | Mathilda | The Last Man | The Mortal Immortal |

### *Frankenstein*


বিখ্যাত রোমান্টিক কবি Percy B. Shelley এর স্ত্রী Mary Shelley রচিত পৃথিবীর প্রথম কল্পকাহিনি হিসেবে জনপ্রিয়। *Frankenstein* উপন্যাসের প্রধান চরিত্র Victor Frankenstein ছিলেন একজন তরুণ গবেষক। এই চরিত্রটিকে দেখানো হয়েছে খাঁটি বিজ্ঞানমনস্ক ও দৃঢ়প্রতিজ্ঞ একজন ব্যক্তি হিসেবে যিনি প্রাকৃতিক বিজ্ঞান, গণিত ও রসায়ন বিষয়ে গবেষণা করেন এবং মৃত বস্তুতে জীবন দান করার পদ্ধতি আবিষ্কার করতে সমর্থ হন। কিন্তু তার নিজের হাতে নির্মিত দানবের হাতে যখন একের পর এক কাছের মানুষেরা খুন হতে থাকে তখন নিজের আপন সৃষ্টিকে নিজেই ধ্বংস করার সংকল্প নিয়ে তিনি প্রতিশোধের নেশায় বের হন। বিজ্ঞানের অনিয়ন্ত্রিত কৌতূহল এর বিপজ্জনক দিক নিয়ে লিখিত প্রথম কল্প-কাহিনির নায়ক হিসেবে বিশ্ব সাহিত্যে Victor Frankenstein চরিত্রটি অমর হয়ে থাকবে।

**উত্তরণ Brief**

**Type:** Novel

**Characters:** Victor Frankenstein, Elizabeth Lavenza, Henry Clervel, The Creature

**Theme:** Victor Frankenstein, Elizabeth Lavenza, Henry Clervel, The Creature




## Quotations

### William Wordsworth

| | |
|---|---|
| The child is father of the man. | My Heart Leaps Up |
| All at once I saw a crowd, a host of golden daffodils; Ten thousands saw I at a glance tossing their heads in sprightly dance. | I Wandered Lonely as a Cloud |
| Poetry is the spontaneous overflow of powerful feelings: it takes its origin from emotion recollected in tranquility. | Preface to Lyrical Ballads |
| The best portion of a good man's life is his little, nameless, unremembered acts of kindness and love. | Lyrical Ballads |
| Every great poet is a teacher. | |
| Poetry is the breath and finer spirit of knowledge. | |
| Poetry is the first and last of all knowledge-it is as immortal as the heart of man. | |
| Let nature be your teacher. | The Tables Turned |
| The Music in my heart I bore Long after it was heard no more. | The Solitary Reaper |
| Our birth is but a sleep and a forgetting. | Immortality Ode |
| Nature never did betray the heart that loved her. | Tintern Abbey |

### Samuel Tailor Coleridge

| | |
|---|---|
| Imagination is the soul of poetic genius. | Biographia Literaria |
| Love is flower like, friendship is like a sheltering tree. | Youth and Age |
| The love of mother is the veil of a softer light between the heart and the heavenly father. | - |

## Lord Byron

| | |
|---|---|
| Man's conscience is the oracle of God. | The Island |
| They never fail who die in a great cause. | - |
| Friendship is love without wings. | L'amitié, Est L'amour Sans Ailes |
| A drop of ink may make a million think. | - |
| Those who will not reason, are bigots, those who cannot, are fools, and those who dare not, are slaves. | The Two Foscari |
| Sorrow is knowledge, those that know the most must mourn the deepest. | Manfred |
| Death, so called, is a thing which makes men weep, And yet a third of life is passed in sleep. | |
| I deny nothing, but doubt everything. | |
| The great object of life is sensation- to feel that we exist, even though in pain. | Childe Harold's Pilgrimage |
| And thus the heart will break, yet brokenly live on. | |
| I love not man the less, but nature more. | |
| Always laugh when you can, it is cheap medicine. | – |
| Revenge is sweet - especially to women. | Don Juan |
| Man's love is of man's life a thing apart, Tis woman's whole existence. | |
| Adversity is the first path to truth. | |

## Percy Bysshe Shelley

| | |
|---|---|
| I have drunken deep of joy,<br>And I will taste no other wine tonight. | The Cenci |
| My name is Ozymandias, king of kings:<br>Look on my works, ye Mighty, and despair! | Ozymandias |
| If winter comes, can spring be far behind? | Ode to the West Wind |
| Oh! lift me as a wave, a leaf, A cloud! I fall upon the thorns of life! I bleed! | |
| Fear not for the future, weep not for the past. | Canto XI |
| Our sweetest songs are those of saddest thought. | To a Skylark |
| A poet is a nightingale who sits in darkness and sings to cheer its own solitude with sweet sounds. | A Defence of Poetry and Other Essays |
| The more we study, the more we discover our ignorance. | The Revolt of islam |

## John Keats

| | |
|---|---|
| Beauty is truth, truth beauty; that is all ye know on earth, and all ye need to know. | Ode on a Grecian Urn |
| Heard melodies are sweet, but those unheard are sweeter. | |
| A thing of beauty is a joy forever; Its loveliness increases; it will never Pass into nothingness. | Endymion |
| Scenery is fine, but human nature is finer. | Letter to Benjamin Bailey |
| Love is my religion-I could die for it. | Letter to Fanny Brawne |
| My love is selfish I cannot breathe without you. | Bright Star |
| My imagination is a monastery, and I am its monk. | Letter to Percy Bysshe Shelley |
| My heart aches, and a drowsy numbness pains My sense, as though of hemlock I had drunk. | Ode to a Nightingale |
| I am certain of nothing but the holiness of the heart's affections and the truth of the Imagination. | The Eve of St. Agnes, |
| Where are the songs of Spring? Aye, where are they? Think not of them, thou hast thy music too. | To Autumn |

## Mary Shelley

| | |
|---|---|
| Nothing is so painful to the human mind as a great and sudden change. | Frankenstein |
| "Beware; for I am fearless, and therefore powerful." | |
| Satan has his companions, fellow-devils, to admire and encourage him; but I am solitary and detested. | |
| I ought to be thy Adam. but I am rather the fallen angel. | |

**Sample Preli Question**

**01.** Who is the author of "The Rime of the Ancient Mariner"?
(a) William Wordsworth (b) S.T. Coleridge (c) W. Somerset Maugham (d) Sir Walter Scott

**02.** Which one is a literacy work of William Wordsworth?
(a) The Excursion (b) To Daffodils (c) The Prejudice (d) Runaway

**03.** Who wrote 'Ode to a Nightingale'?
(a) pope (b) Shelley (c) Wordsworth (d) Keats

**04.** "Ode to the West Wind" is by–
(a) Keats (b) Shelley (c) Coleridge (d) Wordsworth

**05.** 'Our sweetest songs are those of saddest thought' is a quotation from Shelley's–
(a) Ode to a skylark (b) The Cloud (c) Ode to the west wind (d) Sir Walter Scott

**06.** Who wrote "The Excursion"?
(a) Thomas Gray (b) Dr. Samuel Johnson (c) Samuel Richardson (d) William Wordsworth

**07.** Who is considered to be the Rebel Poet in English Literature?
(a) Walter Scot (b) Lord Byron (c) John Keats (d) John Austin

**08.** Who is called the 'Poet of supernaturalism' and 'Opium eater'?
(a) Lord Byron (b) William Blake (c) John Keats (d) S.T. Coleridge

**09.** Who wrote the novel 'Emma'?
(a) Charles Lamb (b) Walter Scott (c) Jane Austen (d) Jane Taylor

**10.** Who is the author of 'Heaven and Earth'?
(a) Lord Tennyson (b) William Wordsworth (c) Lord Byron (d) John Keats

**11.** Who is the anti-romantic novelist belonging to the Romantic Age?
(a) William Hazlitt (b) Jane Austen (c) Emile Bronte (d) Charles Lamb

**12.** Mary Shelley is the wife of–
(a) John Keats (b) Charlotte Bronte (c) Percy Bysshe Shelley (d) Salman Rushdie

**13.** Which Romantic poet died of tuberculosis?
(a) P.B. Shelley (b) Robert Burns (c) S.T. Coleridge (d) John Keats

**14.** A famous English poet who was professionally known as a man of medicine is –
(a) Shelley (b) Keats (c) Milton (d) Pope

**15.** 'The Rime of the Ancient Mariner' is–
(a) play (b) short story (c) novel (d) poem

**16.** 'Written in March' is a poem composed by–
(a) William Wordsworth (b) William Congreve (c) William Blake (d) William Shakespeare

**17.** The 'Solitary Reaper' is a–
(a) heroic poem (b) romantic poem (c) classical poem (d) didactic poem

**18.** "Ten thousands saw I at a glance". Who said this?
(a) Shakespeare (b) Coleridge (c) Keats (d) Wordsworth

**19.** Who wrote 'Dejection An Ode'?
(a) William Blake (b) S.T. Coleridge (c) John Keats (d) William Wordsworth

**20.** Who wrote Prometheus Unbound?
(a) Coleridge (b) Keats (c) Byron (d) Shelley

**21.** One of the following was a Romantic poet–
(a) Tennyson (b) Arnold (c) Shelley (d) Browning

**22.** William Wordsworth and P.B. Shelley are two-
(a) modern poet (b) novelist (c) ancient poet (d) romantic poet

**23.** Most important feature of a romantic poetry is–
(a) Beauty (b) Nature (c) Subjectivity (d) Imagination

**24.** Who is known as the Poet of Skylark and Winds?
(a) Lord Byron (b) John Keats (c) W. Wordsworth (d) P. B Shelley

**25.** 'Essays of Elia' was written by–
(a) William Hazlitt (b) Emily Dickinson (c) Charles Lamb (d) Emily Brontee

**26.** Who is called the poet of beauty?
(a) William Wordsworth (b) P.B. Shelley (c) John Keats (d) Shakespeare

**27.** Lucy is written by–
(a) S. T. Coleridge (b) P. B. Shelley (c) Lord Byron (d) William Wordsworth

**28.** Lyrical Ballads was published in the year–
(a) 1798 (b) 1770 (c) 1779 (d) 1775

**29.** Who was appointed the 'Poet Laureate' among the romantic poets in 1843?
(a) S.T. Coleridge (b) John Keats (c) Lord Byron (d) William Wordsworth

**30.** Who wrote the poem 'Don Juan'?
(a) William Wordsworth (b) William Blake (c) Lord Byron (d) John Keats

**31.** Who wrote 'Lyrical Ballads'?
(a) William Wordsworth and S. T. Coleridge (b) William Wordsworth and William Blake
(c) S.T. Coleridge and William Blake (d) P.B. Shelley and William Wordsworth

**32.** Who is called the "Poet of childhood"?
(a) William Blake (b) William Shakespeare (c) William Caxton (d) William Wordsworth

**33.** John Keats is known as a romantic poet. So is-
(a) T.S Eliot (b) Lord Tennyson (c) Lord Byron (d) G.M Hopkins

**34.** Who among the following is a revolutionary poet?
(a) John Keats (b) P.B. Shelley
(c) S. T. Coleridge (d) William Wordsworth

**35.** 'Visage' in Shelley's 'Ozymandias' refers to-
(a) Body (b) Sculpture (c) Statue (d) Face

**36.** Keats belonged to -
(a) Eighteenth Century (b) Nineteenth Century (c) Twentieth Century (d) Seventeenth Century

**37.** Ode on a Grecian Urn – Who is the poet of the poem?
(a) Wordsworth (b) Shelley (c) Shakespeare (d) Keats

**38.** The central idea of 'Ozymandias' is?
(a) All things, both great and small, will perish (b) Man is mortal, art immortal
(c) Imagination is stronger than fact (d) History repeats

**39.** "Poetry is the spontaneous overflow of powerful feelings: it takes its origin from emotion recollected in tranquility." Says-
(a) Samuel Taylor Coleridge (b) William Wordsworth
(c) Percy Bysshe Shelley (d) John Keats

**40.** The literary work "Kubla Khan" is-
(a) a history by Vincent Smith (b) a verse by Coleridge
(c) a drama by Oscar Wilde (d) a short story by Somerset Maugham

**Answers**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | b | 02 | a | 03 | d | 04 | b | 05 | a | 06 | d | 07 | b | 08 | d | 09 | c | 10 | c |
| 11 | b | 12 | c | 13 | d | 14 | | 15 | d | 16 | a | 17 | b | 18 | d | 19 | b | 20 | d |
| 21 | c | 22 | d | 23 | c | 24 | d | 25 | c | 26 | c | 27 | | 28 | a | 29 | d | 30 | c |
| 31 | a | 32 | | 33 | c | 34 | b | 35 | d | 36 | b | 37 | d | 38 | a | 39 | b | 40 | b |

*[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]*